UNDERSTAND QURAN ACADEMY
www.understandquran.com

ACADEMY OF QURAN STUDIES
www.aqsbd.com

কুরআন পড়ুন

ড. আবদুল আযীয আবদুর রহীম
পরিচালক, আন্ডারস্ট্যান্ড কুরআন একাডেমি
অনুবাদঃ মুহাম্মদ ইয়াহিয়া

সহজ পদ্ধতিতে

কুরআন পড়ুন

বাংলা

মূলঃ

ড. আব্দুল আযীয আব্দুর রহীম

অনুবাদ ও সম্পাদনা

মুহাম্মদ ইয়াহিয়া
এ কে এম আহসান হাবীব
মুহা.আমিনুল ইসলাম
কামরুল ইসলাম
সানজিদা শারমিন

একাডেমি অব কুরআন স্টাডিজ
ব্লক জে, রোড নং- ১/এ, বাড়ি নং- ৩৮ (৫ম তলা)
বারিধারা, ঢাকা-১২১২
মোবাইল নংঃ ০১৯৭৪ ৪০৩ ৫৯২, ০১৭১১ ২৬২ ৯২৩

Copyright ©
ACADEMY OF QURAN STUDIES (AQS TRUST)
House # 38, Road # 1/A, Block # J,
Baridhara, Dhaka- 1212, Bangladesh
E-mail : info.aqsbd@gmail.com
www.facebook.com/myAQS
Web : www.aqsbd.com

প্রকাশনায়:
AQS PUBLICATION
হেড অফিস : ১৪৯ পূর্ব রাজাবাজার, ফার্মগেট, ঢাকা- ১২১৫
বারিধারা অফিস : বাড়ি # ৩৮, রোড # ১/এ, ব্লক # জে,
বারিধারা, ঢাকা-১২১২
মোবাইল : ০১৯৭৪ ৪০৩ ৫৯২, ০১৭১১ ২৬২ ৯২৩

প্রথম সংস্করন : ফেব্রুয়ারি ২০১১ ইং
দ্বিতীয় সংস্করন : সেপ্টেম্বর ২০১৬ ইং
তৃতীয় সংস্করন : নভেম্বর ২০১৭ ইং
চতুর্থ সংস্করন : ডিসেম্বর ২০১৯ ইং
৫ম সংস্করন : ডিসেম্বর ২০২০ ইং
৬ষ্ঠ সংস্করন : জানুয়ারি ২০২১ ইং
৭ম সংস্করন : মার্চ ২০২২ ইং

প্রাপ্তিস্থান:
ACADEMY OF QURAN STUDIES (AQS TRUST)
বারিধারা অফিস: ৫ম তলা, বাসা # ৩৮, রোড # ১/এ, ব্লক # জে,
বারিধারা ঢাকা- ১২১২
মোবাইল: +৮৮ ০১৭১১ ২৬২ ৯২৩, +৮৮ ০১৮৪০ ৮৯১ ৯৮৯

বাংলাবাজার অফিস: ৩৭, গিয়াস গার্ডেন বুক কমপ্লেক্স, দোকান নং ১২২,
বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: +৮৮ ০১৭৫৫ ৫১৪ ৫৪৩, +৮৮ ০১৭৫৫ ৫১৪ ৫৯৭

নির্ধারিত মূল্য : ৪০০/- (চারশত টাকা) মাত্র।

ISBN : 978-984-33-9045-5

পরম করুনাময় আল্লাহর নামে শুরু করছি

© গ্রন্থস্বত্ব: Academy of Quran Studies (AQS TRUST)

যোগাযোগ : +৮৮ ০১৯৭১ ৯৯৩ ০৪০, +৮৮ ০১৭১১ ২৬২ ৯২৩
ইমেইল : info.aqsbd@gmail.com, quamrul3592@yahoo.com

সর্বস্বত্ব সংরক্ষিত

গ্রন্থস্বত্ব ইসলামি শারী'আহ কর্তৃক সংরক্ষিত একটি স্বত:সিদ্ধ বিষয়। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত বইটির কোনো অংশ যে কোনো উপায়েই হোক ইলেক্ট্রনিক বা প্রিন্ট মিডিয়ায় পুন:প্রকাশ সম্পূর্ণ নিষিদ্ধ। স্ক্যান কিংবা টাইপ করে ইন্টারনেটে আপলোড করা; ফটোকপি বা অন্য কোন উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং আইনত দন্ডনীয়।

গ্রন্থস্বত্ব সম্বন্ধীয় ইসলামি বিধান

গ্রন্থ রচনা গ্রন্থকারের নিজের মেধার শ্রমের ফসল ও অর্জন। এ অর্জন একান্তই তার। অতএব গ্রন্থকারের অনুমতি ব্যতীত তার রচিত গ্রন্থ হতে আংশিক বা পূর্ণ নকল করা , ছাপানো ও তা বেচাকেনা করা ইসলামি শারী'আতে নিষিদ্ধ ও হারাম। এ বিষয়ে আল্লাহ বলেন, "তোমরা পরস্পরের সম্পদ অন্যায়ভাবে ভক্ষন করোনা"। [সূরা বাক্বারা ২:১৮৮]

রাসুলুল্লাহ (স.) বলেছেন, "কোনো মুসলিম ব্যক্তির সম্পদ সে নিজে খুশি মনে প্রদান না করলে কারও জন্য কোনোভাবেই তা হালাল হবে না।" [সহীহ আল জামি আস সাগীর, হাদীস নং ৭৬৬২]

প্রকাশক:
একাডেমি অব কুরআন স্টাডিজ
বাড়ি ৩৮, রোড ১/এ, ব্লক-জে, বারিধারা, ঢাকা-১২১২
মোবাইল : ০১৯৭৪ ৪০৩ ৫৯২, ০১৭১১ ২৬২ ৯২৩
Email: info.aqsbd@gmail.com

In the name of Allah, Most Beneficent, Most Merciful

To whomever it may concern

This is to state that MAJOR MD. QUAMRUL HASSAN (RETD), Director, ACADEMY OF QURAN STUDIES (AQS) is the authorized representative of Understand Al-Qur'an Academy (www.understandquran.com) in Bangladesh.

May Allah help him to take necessary steps such as arrangement of classes, training of teachers, and printing the educational materials, for promotion of reading and understanding of the Qur'an among students as well as general public.

Jazakumullahu khairan

Abdulazeez Abdulraheem
Director,
Understand Al-Quran Academy
www.understandquran.com

প্রকাশকের কথা

মহান আল্লাহ তায়ালা মানুষকে পৃথিবীতে পাঠিয়েছেন তাঁর প্রতিনিধিত্ব করার জন্য। তিনি শুধু মানুষকে পৃথিবীতে পাঠিয়েই তাঁর দায়িত্ব শেষ করেন নি; মানুষ কীভাবে চলবে, কী করবে, কী করবে না তার দিক নির্দেশনাও দিয়েছেন। আর এই সঠিক পথের দিক-নির্দেশনা যেখানে পাওয়া যায় সেটি হল মহাগ্রন্থ আল কুরআন। অথচ আমরা কুরআন না বুঝে পড়ি। পৃথিবীর অন্য কোন বই না বুঝে পড়লে আমরা তাকে বলি, সে বই পড়তে পারে না। তাহলে কুরআনের ক্ষেত্রেও কি এটি প্রযোজ্য নয়!

কেউ হয়ত যুক্তি দিতে পারেন অনুবাদ পড়ে তো দিক-নির্দেশনা পাচ্ছি। মেনে নিলাম কথাটি যুক্তির খাতিরে। কিন্তু দিনে পাঁচবার যে সলাত পড়ছেন আরবীতে কি তা অনুবাদ করে নিতে পারছেন? তা হলে কখনো কি ভেবেছেন, সবাক অথচ নির্বোধ ওঠা-বসা কতটুকু প্রভাব ফেলছে আমাদের প্রাত্যহিক জীবনে? সলাত বুঝে পড়া আর না বুঝে পড়ার মধ্যে পার্থক্যটুকু একটু গভীরভাবে চিন্তা করুন।

আল কুরআনকে সহজে বোঝার জন্য Understand Al-Quran Academy, Hyderabad, India-(www.understandquran.com) এর পরিচালক ড. আবদুল আযীয আবদুর রহীম একটি অভিনব, ইন্টারেক্টিভ ও সহজ কোর্স প্রণয়ন করেছেন। হাতে খড়ি থেকে শুরু করে ক্রমান্বয়ে ৫০%, ৭০% এবং ১০০% কুরআন বোঝার ব্যাপারটি অনারব মুসলমানদের জন্য চমৎকার বিষয়। বিশেষ পদ্ধতি, বই, ওয়ার্কশীট, ভিডিও লেকচার, পোস্টার ইত্যাদির সাথে যখন এতে সংযোজিত হয় শিক্ষক-ছাত্রের সামনা-সামনি ক্লাস তখন শেখার গতি হয় দ্রুততর। এ বিষয়টি বিবেচনা করে, 'একাডেমি অব কুরআন স্টাডিজ' (www.aqsbd.com) বাংলা ভাষায় কোর্সগুলো অনুবাদ ও পরিচালনা করার জন্য উদ্যোগ গ্রহণ করেছে।

এরই ধারাবাহিকতায় 'Read Al-Quran' বইটির বাংলা অনুবাদ বের হচ্ছে। আরবী অক্ষর পরিচিতির সাথে সাথে ইন-বিল্ট তাজউইদ শেখানোর কৌশলটি অভুতপূর্ব। এ বইয়ের মাধ্যমে শুদ্ধ উচ্চারণ ও সঠিক নিয়মে কুরআন পড়া শেখা সহজ। শুধু তাই নয়, পড়া, উচ্চারণ ও নিয়ম অনুশীলন করতে করতে একজন শিক্ষার্থী অনায়াসেই কুরআনের ৪০,৫০০ শব্দ অর্থসহ শিখে ফেলে। বইটি অনুবাদ, সম্পাদনা ও মুদ্রণ কাজে যাঁরা পরিশ্রম করেছেন, আল্লাহ তাঁদেরকে উত্তম প্রতিদান দিন। ভাই মো: ইয়াহিয়া বৃদ্ধ বয়সে এই অনুবাদটি সম্পাদন করেছেন। পরবর্তীতে মেজর আহসান হাবীব (অবঃ), আর্কিটেক্ট আমিন, মাওলানা কামরুল ইসলাম ও যুবাইর বিন জুলফিকার বইটিকে সম্পাদনা, পরিমার্জনা ও নিখুঁত উপস্থাপনায় অক্লান্ত পরিশ্রম করেছেন। বিশেষ করে মেজর আহসান হাবীব (অবঃ) অনুবাদ কর্মটি ভাষাগত দূর্বলতার উর্দ্ধে ওঠার জন্য অকৃপণভাবে নিজের সময় ব্যয় করেছেন। আরবীকে বাংলা প্রতিবর্ণীকরন, লেখার রেখাগুলো এবং অক্ষর ছন্দটি বাংলা ভাষায় রুপান্তর করা নিঃসন্দেহে কঠিন ছিল; যা তিনি সাবলীল সুন্দরভাবে উপস্থাপনে সক্ষম হয়েছেন। আমাদের প্রার্থনা হে মহান প্রভু আপনি তাদের আন্তরিক অক্লান্ত পরিশ্রমকে কবুল করুন!

বিনীত
মেজর মোঃ কামরুল হাসান (অবঃ)
প্রতিষ্ঠাতা পরিচালক
একাডেমি অব কুরআন স্টাডিজ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

পরম করুণাময়, দয়ালু আল্লাহর নামে

সহজ পদ্ধতিতে কুরআন পড়ুন

সূচিপত্র

প্রথম অংশ (আরবী বর্ণমালা)

পাঠ	পাঠ শিরোনাম	পৃষ্ঠা
	ভূমিকা	২
	একাডেমি পরিচিতি	৬
	আরবী বর্ণমালা	৮
০১	মা এবং বা	১০
০২	ওয়া এবং ফা	১২
০৩	সা, যা এবং যোয়া	১৪
০৪	তা, দা এবং ত্ব	১৬
০৫	ঝা, সা এবং সোয়া	১৮
০৬	লা, না এবং রা	২০
০৭	জা, শা এবং ইয়া	২২
০৮	দোয়া, কা এব ক্বা	২৪
০৯	কণ্ঠনালীর অক্ষর (ء ه)	২৬
১০	কণ্ঠনালীর অক্ষর (ع ح)	২৮
১১	কণ্ঠনালীর অক্ষর (غ خ)	৩০
১২	১- ১১ পাঠসমূহের পুনরালোচনা	৩২

দ্বিতীয় অংশ (হারাকাত)

পাঠ	পাঠ শিরোনাম	পৃষ্ঠা
১৩	ফাতহাহ অক্ষর	৩৭
১৪	আলিফ মাদ্দ	৩৯
১৫	কাসরাহ অক্ষর	৪১
১৬	ইয়া মাদ্দ	৪৩
১৭	দম্মাহ অক্ষর	৪৫
১৮	ওয়াও মাদ্দ	৪৭
১৯	১৩-১৮ পাঠসমূহের	৪৯
২০	খাড়া ফাতহাহ	৫০
২১	খাড়া ফাতহাহ, খাড়া কাসরাহ এবং উল্টা দম্মাহ	৫২
২২	সুকুন (জযম)	৫৫
২৩	নরম অক্ষর (وْ)	৫৯
২৪	নরম অক্ষর (يْ)	৬১
২৫	হামযা-সাকিন	৬৩
২৬	কলকলা অক্ষর	৬৫
২৭	হামস (ك এবং ت-এর উপর সুকুন)	৬৭
২৮	২০-২৭ পাঠসমূহের পুনরালোচনা	৬৯
২৯	তানউইন: দুই-ফাতহাহ (ـً)	৭০
৩০	তানউইন: দুই কাসরাহ (ـٍ)	৭২
৩১	তানউইন: দুই দম্মাহ (ـٌ)	৭৪
৩২	শাদ্দাহ (তাশদীদ)	৭৬
৩৩	তানউইনসহ শাদ্দাহ	৭৮
৩৪	গুন্নাহসহ শাদ্দাহ	৮০
৩৫	২৯-৩৪ পাঠসমূহের পুনরালোচনা	৮২
৩৬	মাদ্দ (টেনে পড়া) এর নিয়ম	৮৩
৩৭	বিযুক্ত অক্ষরসমূহ	৮৬

তৃতীয় অংশ (তাজউইদ)

পাঠ	পাঠ শিরোনাম	পৃষ্ঠা
৩৮	আল্লাহ শব্দের 'লাম'	৮৮
৩৯	শামসী অক্ষর	৮৯
৪০	কামারী অক্ষর	৯১
৪১	মীম-সাকিনের নিয়মাবলি	৯৩
৪২	'রা' (ر) অক্ষরের নিয়ম	৯৪
৪৩	স্পষ্ট (إِظْهَار): নুন-সাকিন ও তানউইন	৯৬
৪৪	গোপন (إِخْفَاء): নুন-সাকিন ও তানউইন	৯৭
৪৫	যুক্ত হওয়া (إِدْغَام): নুন-সাকিন ও তানউইন	৯৯
৪৬	পরিবর্তন (إِقْلَاب): নুন-সাকিন ও তানউইন	১০০
৪৭	ছোট নুন (নুনে কুত্বনী) النُّوْنُ الْقُطْنِيُّ	১০১
৪৮	অনুচ্চারিত অক্ষর	১০৩
৪৯	৩৬-৪৮ পাঠের পুনরালোচনা	১০৬
৫০	তিলাওয়াতের শুরু এবং সমাপ্তি	১০৭
	বিরতি চিহ্ন	১১৫
	তাজউইদের ব্যবহারিক অনুশীলন	১১৭

আরবী বর্ণমালার ছন্দ

ঠোঁট থেকে বের হয়

ف و ب م

জিহ্বা হতে অ-নে-ক : আগা থেকে ১২টি

ظ ذ ث

ط د ت

ص س ز

ر ن ل

মধ্য থেকে বের হয়

ي ش ج

আর পাশ থেকে আসে

ق ك ض

সব শেষে ছয়, গলা থেকে বের হয়।

خ ع ، ح ع ، ه ء

আরও আছে : |

ভূমিকা

সকল প্রশংসা ও গুণগান একমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার জন্য, সলাত ও সালাম নাযিল হোক প্রিয় নবী হযরত মুহাম্মাদ (স.) এর উপর। তিনি বলেছেন: "তোমাদের মধ্যে সে-ই উত্তম যে নিজে কুরআন শেখে এবং অপরকে শেখায়" [সহীহ বুখারী] ।

নির্ভুল ও তারতীলসহ কুরআন তিলাওয়াত করা প্রত্যেক মুসলিমের একান্ত কর্তব্য। কুরআন তিলাওয়াত করার প্রতিদান অনেক। ইবনে মাসউদ (রা.) বর্ণনা করেছেন: আল্লাহর রাসূল (স.) বলেছেন, "যে আল্লাহর কিতাব থেকে একটি অক্ষর পড়বে, তার আমলনামায় ভালো কাজের সওয়াব লেখা হবে এবং একটি ভালো কাজের প্রতিদান দশগুণ। আমি বলছি না যে আলিফ-লাম-মিম একটি অক্ষর, বরং আলিফ একটি অক্ষর, লাম একটি অক্ষর এবং মীম একটি অক্ষর" [আত তিরমিযী]।

অপর একটি হাদিসে আয়েশা (রা.) বর্ণনা করেন যে, রাসূল (স.) বলেছেন: নিশ্চয় যে ব্যক্তি সুন্দর, সাবলীল এবং নির্ভুলভাবে কুরআন তিলাওয়াত করবে সে মহান ব্যক্তি এবং অনুগত ফিরিশতাদের সাহচর্যে থাকবে। আর যে ব্যক্তি কষ্ট করে, জড়তার সাথে কুরআনের আয়াত পড়বে তাকে দ্বিগুণ প্রতিদান দেয়া হবে"। [বুখারী ও মুসলিম]।

এই সিরিজের বইগুলোতে আমরা সাধ্যানুযায়ী শিশু-কিশোর এবং একইসাথে প্রাপ্তবয়স্কদের সহজে কুরআন শেখাতে চেষ্টা করেছি। এই বইটির বেশ কিছু উল্লেখযোগ্য বৈশিষ্ট্য আছে। এর কয়েকটি বৈশিষ্ট্য নিচে প্রদান করা হলো:

১. অনুশীলন করার জন্য **৪০০টি** গুরুত্বপূর্ণ শব্দ বাছাই করা হয়েছে যা কুরআনে মোট ৭৮০০০ শব্দের মধ্যে পাওয়া যাবে প্রায় **৩৯,০০০** বার। এছাড়াও বইটি পাঠ শেষে আপনারা তাজবীদের নিয়ম ও প্রয়োগসহ কুরআনের ৫০% শব্দ পড়তে সক্ষম হবেন। শুদ্ধভাবে কুরআন পড়তে পারায় প্রতিটি শিক্ষার্থী আনন্দ ও উৎসাহ অনুভব করবে, যেহেতু সে আল্লাহর পক্ষ থেকে নাযিলকৃত কিতাবের ঘনিষ্টতা অর্জন করছে।

২. প্রতিটি পাঠে আপনি নতুন নতুন শব্দ শিখবেন যেগুলো কুরআনে বারবার ব্যবহৃত হয়েছে। কী পরিমাণ অগ্রসর হতে পারলেন তার একটি ধারণা পেতে পারেন আপনি যে সমস্ত শব্দ শিখছেন তার হিসাব থেকে। শেখার আগ্রহ বাড়াতে এটি আপনাকে আরো সাহায্য করবে।

৩. প্রতিটি অক্ষরের উচ্চারণের স্থান (মাখরাজ) এর প্রতি গুরুত্ব দিয়ে শব্দগুলো শেখানো হয়েছে। সঠিকভাবে উচ্চারণ করা এবং কাছাকাছি ধ্বনিযুক্ত শব্দগুলির পার্থক্য অনুধাবনে এটি শিক্ষার্থীদের সাহায্য করবে। উদাহরণস্বরূপ: ز، ظ، ذ، ض

৪. প্রায় প্রতিটি অক্ষর শেখানোর জন্য এমন জিনিসের ছবি ব্যবহার করা হয়েছে যেগুলোর শুরু হয়েছে অক্ষরটি দিয়ে। এটি যে শুধু সংযোগ তৈরি করবে তা নয়, বরং শিক্ষার্থীর মনে অক্ষরটিকে জায়গা করে দিতে সহায়তা করবে।

৫. ব্যাখ্যার সুবিধার্থে প্রারম্ভিক পর্যায় হতেই ছবি ব্যবহার করে **মাখরাজ** শিক্ষা দেওয়া হয়েছে।

৬. বিভিন্ন হারাকাতের বা স্বরধ্বনি সম্পর্কিত অনুশীলনীর জন্য অক্ষরগুলি মাখরাজ অনুসারে সাজানো হয়েছে যাতে মাখরাজের দক্ষতা বৃদ্ধি পায়।

৭. অক্ষরের বিভিন্ন ধরণকে সহজে শেখানোর জন্য তাদেরকে পূর্ণ এবং সংক্ষিপ্ত রূপ দেখানো হয়েছে। শব্দের মধ্যে অক্ষরের সংক্ষিপ্ত-রূপ পরিচিত করার লক্ষ্যে সংযোজকসহ বিভিন্ন ব্যবহার দেখানো হয়েছে।

৮. শিক্ষার্থীগণ যেন পবিত্র কুরআনের শব্দগুলি পড়তে অসুবিধার সম্মুখীন না হয় তা নিশ্চিত করার জন্য একেবারে প্রথম থেকেই সংক্ষিপ্ত-রূপ শেখানো হয়েছে।

৯. শুরু থেকেই প্রতিটি অক্ষর ফাতহাহ (যবর) দিয়ে অনুশীলন করানো হয়েছে। এটি অক্ষরের **মাখরাজ** বুঝতে সহায়তা করবে। উদাহরণস্বরূপ, 'জীম' (جيم) অক্ষরের নামের সাথে একটি অতিরিক্ত ই (ي) ও 'ম' (م) ধ্বনি আছে; অথচ 'জা' (جَ) ধ্বনিটি 'জীম' (جيم) এর প্রকৃত ধ্বনিকে প্রকাশ করে। তাছাড়া ফাতহাহসহ আরবী অক্ষরগুলো কুরআনে হাজার বারেরও বেশি এসেছে। আর হারাকাত ছাড়া এসেছে কেবলমাত্র **মুক্বাত্তাআত** (বিচ্ছিন্ন বর্ণ) অক্ষরের মধ্যে। **মুক্বাত্তাআত** (বিচ্ছিন্ন বর্ণ) অক্ষরগুলি কুরআনে মাত্র ৫০ (প্রায়) বার এসেছে।

১০. পাঠ নং ১৩ থেকে প্রতিটি শব্দকে আলাদা আলাদা অক্ষরে ভেঙে শেখানো হয়েছে। এই পদ্ধতিতে একজন শিক্ষার্থী সহজেই শিখতে পারে।

১১. আরবী শব্দের অর্থ শব্দের ঠিক নিচেই দেওয়া হয়েছে যেন শিক্ষার্থীরা বুঝতে পারে যে পবিত্র কুরআন হচ্ছে আল্লাহর কাছ থেকে প্রাপ্ত কিতাব **যা বুঝতে হবে এবং সেই মোতাবেক চলতে হবে**। অর্থগুলি একজন শিক্ষক মাঝে মাঝে শিশু শিক্ষার্থীদেরকে জানিয়ে দিবে।

১২. প্রতিটি পাঠের প্রতি লাইনে শব্দগুলি এমনভাবে বেছে নেয়া হয়েছে যেন তা ছন্দময় হয়। এতে শিক্ষার্থীদের শেখার আগ্রহ বাড়বে। তারা ছন্দাকারে শব্দগুলি পাঠ করতে করতে শিখে ফেলে।

১৩. প্রতিটি পাঠে শব্দগুলি এমনভাবে সাজানো হয়েছে যার ফলে প্রথমে সহজ শব্দ তারপর ক্রমান্বয়ে জটিলতর শব্দ আসে।

১৪. কয়েকটি পাঠের পর পর পুনরালোচনার ব্যবস্থা রাখা হয়েছে যেন পূর্ববর্তী পাঠে যা শেখানো হয়েছে তা অনুশীলনের মাধ্যমে মনে থাকে।

১৫. ইন-বিল্ট তাজবীদ শেখার অংশ হিসাবে, সুকুন শেখার বিষয়টি ৬টি পাঠ পর্যন্ত প্রলম্বিত করা হয়েছে (যেমন: কলকলা, নরম (লীন) শব্দ, হামস, ইত্যাদি)। সাধারণত **সুকুন** প্রথমে শেখানো হয় এবং **কলকলা** পরে। কোনো শিক্ষার্থী একবার ভুল উচ্চারণে অভ্যস্ত হয়ে গেলে, পরে তার সঠিক উচ্চারণ শেখা কঠিন হয়ে যায়। সে জন্য প্রথম থেকেই সুকুনের বিভিন্ন প্রয়োগ শেখানো হয়েছে।

১৬. ইন-বিল্ট তাজবীদের একই আদল অনুসরণ করে তাশদীদ তিন পাঠে শেখানোর ব্যবস্থা নেয়া হয়েছে।

১৭. এই বইয়ে মাদ্দ-এর সহজবোধ্য নিয়ম দেয়া হয়েছে। এই বিষয়ের উপর উচ্চতর কোর্সে বিস্তারিত নিয়ম পরে শেখানো যেতে পারে।

১৮. তাজবীদের পাঠগুলো সহজ হতে জটিলের দিকে ক্রমান্বয়ে সাজানো হয়েছে।

১৯. সহজে শেখা এবং মনে রাখার সুবিধার্থে তাজবীদের পরিভাষাগুলো সহজ শব্দে উপস্থাপন করার চেষ্টা করা হয়েছে। যেমন: 'ইযহার', 'ইখফা', 'ইদগাম, এবং 'ইকলাব-কে সহজ কথায় 'স্পষ্ট', 'গোপন', 'যুক্ত',ও 'পরিবর্তন' বলা হয়েছে।

২০. বইটি শেষে তাজবীদের নিয়ম-নীতিগুলোর একটি সচিত্র বিবরণী দেয়া হয়েছে।

২১. এখানে আরবীর জন্য একটি বিশেষ ফন্ট ডিজাইন করা হয়েছে। প্রতিটি হারাকাত (স্বরধ্বনি) চিহ্ন অক্ষরের খুব কাছাকাছি রাখা হয়েছে। ইখফা, গুন্নাহসহ তাশদীদ, মোটা রা, কলকলা, লাম-ই-জালালার জন্য মোটা লাম প্রভৃতির জন্য বিভিন্ন চিহ্ন ডিজাইন করা হয়েছে।

২২. হাতে লেখার চেয়ে আরবী ফন্ট-এর একটি অতিরিক্ত সুবিধা আছে। অক্ষরের আকৃতি সবসময় একই রূপ থাকে। এটি বিভ্রান্তি কমাতে সাহায্য করে।

২৩. আরবী ফন্ট-এর আরোও একটি বিশেষ বৈশিষ্ট্য আছে। প্রতিটি হারাকাত তার নিজস্ব অক্ষরের নির্ধারিত স্থানে দেয়া যায়। ফলে কোনো শিক্ষার্থী শব্দগুলি পড়তে গিয়ে কোনরূপ দ্বিধা-দ্বন্দে পড়ে না।

২৪. প্রতিটি পাঠে, যে নিয়মগুলি শেখানো হচ্ছে তার সংশ্লিষ্ট অক্ষরগুলো বিশেষভাবে জোর দেয়ার জন্য লাল রং দিয়ে চিহ্নিত করা হয়েছে।

২৫. গুরুত্বপূর্ণ ধারণার প্রতি জোর দেওয়ার জন্য 'ছবি' (আইকন, লোগো) ব্যবহার করা হয়েছে। শেখানোর পদ্ধতিটি সহজ ও আকর্ষণীয় করার জন্য টিপস, কৌশল ও গল্প সংযোজিত হয়েছে।

২৬. শিশুদের মাখরাজ শেখানোর জন্য ছোট সহজ সরল কবিতা রচনা করা হয়েছে। এর দশটি বৈশিষ্ট্য রয়েছে।

ক. **পূর্ণ সেট:** কবিতাটি ২৯টি অক্ষরের পূর্ণ সেট শিক্ষা দান করে।

খ. **আঙ্গুলের ডগায়:** হাত, আঙ্গুল এবং আঙ্গুলের কড়া ব্যবহার করে কবিতাটি শেখানো হয়। প্রতিটি অক্ষরকে হাতের মধ্যে বিশেষ স্থান দেয়া হয়েছে। এই কবিতার সাহায্যে শিশুরা তাদের হাতের সাহায্যে আরবী বর্ণমালা (হুরুফ-ই-তাহাজ্জী) এবং মাখরাজ শিখতে পারবে।

গ. **অক্ষর বিন্যাস:** আরবী অক্ষরগুলিকে সাধারণ ক্রম অনুযায়ী বিন্যাসের বদলে কবিতার মধ্যে মাখরাজের ক্রম অনুযায়ী বিন্যস্ত করা হয়েছে।

ঘ. **দলভুক্ত:** প্রায় প্রতিটি আঙ্গুল একই মাখরাজভুক্ত অক্ষরের একটি গ্রুপের প্রতিনিধিত্ব করে। হুরুফি-হালকি (গলার অক্ষর) আলাদাভাবে মুখস্ত করার প্রয়োজন নেই কারণ কবিতাটিতে অক্ষরগুলো দলবদ্ধভাবে সাজানো রয়েছে।

ঙ. **কাব্যিক:** কবিতাটির সহজ সরল ছন্দ প্রতিটি গ্রুপের অক্ষরকে আলাদা করে এবং তাদের মনে রাখার বিষয়টি সহজ করে দেয়।

চ. **শারীরিক ক্রিয়াকলাপের সাহায্যে (Actions):** কবিতাটি শারীরিক সম্পৃক্ততার মাধ্যমে শেখানো হয় যা মুখস্ত করাকে সহজ ও আনন্দদায়ক করে তোলে।

ছ. **বৈশিষ্ট্যাবলি সহকারে:** শারীরিক ক্রিয়াকলাপ (TPI Actions) অক্ষরসমূহের বৈশিষ্ট্য নির্দেশক (اِسْتِفَالَ، تَفْخِيْمٌ، إِطْبَاقٌ، اِسْتِعْلَاءٌ) যা তাজবীদসহ সঠিকভাবে তিলাওয়াতের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এগুলো কোন শব্দের অর্থ বুঝায় না।

জ. **বিভিন্ন ক্ষেত্রে পুনরাবৃত্তি:** হারাকাতের বিভিন্ন ক্ষেত্র এবং নিয়মসহ (মাদ্দ, কলকলা, হামস, ইত্যাদি) কবিতাটি প্রায় ১৮ বার পুনরাবৃত্তি করা হয়েছে। ফলে বিভিন্ন হারাকাত ও নিয়মাদির মধ্য দিয়ে মাখরাজের প্রয়োগকে নিশ্চিত করেছে।

ঝ. **নিয়মসমূহের তাৎপর্য সহজেই ব্যাখ্যা করা হয়েছে :** তাজউইদের বেশ কিছু নিয়ম যেমন: শামসী এবং কামারী অক্ষর, নুন সাকিন এবং তানউইনের নিয়মাদি, মিম সাকিনের নিয়মাদি, মাখরাজের শ্রেণী বিন্যাস ব্যবহার করে সবগুলো বিষয় অত্যন্ত সহজ করা হয়েছে।

শব্দ পড়ার ক্ষেত্রে প্রয়োগ: অক্ষর কবিতার ব্যবহারিক প্রয়োগ প্রকাশ পায় যখন কেউ শব্দ পড়তে শুরু করে। কবিতার ছন্দে ক্রিয়াকলাপের মাধ্যমে দেখানো অক্ষরের বৈশিষ্ট্যাবলি (اِسْتِفَالَ، تَفْخِيْمٌ، إِطْبَاقٌ،

اِسْتِعْلَاءٌ) শিক্ষার্থীকে সাহায্য করে শব্দটিকে সঠিক উচ্চারণস্থল ও বৈশিষ্ট্যানুযায়ী উচ্চারণ করতে।

ইন-শা-আল্লাহ আপনারা এই কোর্সটি সহজ- সরল, মজার এবং আধুনিকতম শিক্ষাদান পদ্ধতি মোতাবেক দেখতে পাবেন। ইন-শা-আল্লাহ শিক্ষকদের জন্যও এটি আয়ত্ত্ব এবং শিক্ষা দান করা সহজ হবে।

আমরা আল্লাহ তা'আলার নিকট প্রার্থনা জানাই তিনি যেন আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করেন।

অনুগ্রহ করে এই কোর্সটি স্কুল, কলেজ, মসজিদ, সমাজ এবং আপনাদের পরিবারের মধ্যে চালু করুন। বয়স্ক এবং শিশু উভয়কেই শিক্ষা দেয়ার জন্য কোর্সটি ব্যবহার করা যেতে পারে। পবিত্র কুরআনকে সঠিকভাবে পড়তে উৎসাহিত করার লক্ষ্যে চলুন আমরা সবাই মিলে একসাথে কাজ করি এবং একই সাথে এটি বোঝার চেষ্টা করি।

আমার পিতামাতার দু'আ ও আশীর্বাদের জন্য আন্তরিকভাবে তাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমার স্ত্রী ও সন্তানরা যথেষ্ট ধৈর্যশীলতার পরিচয় দিয়েছেন, কারণ তাদের প্রাপ্য সময়ের অনেকটাই ব্যয় হয়েছে আমার এই কাজে। বিভিন্নভাবে সাহায্য করার জন্য আব্দুল কাদের ফাজলানী ভাই, খাজা আহসান ভাই ও তার পরিবারকে ধন্যবাদ। মহসীন সিদ্দিকী ভাই, সানা দোসুল আপা এবং কারী ইমরান খান শেখানোর বিভিন্ন প্রকার ধারনা দিয়ে সহযোগিতা করেছেন। তারিক আজিজ ভাই, কুররুম কোরেশী ভাই এবং মুজতবা শরীফ ভাই পরিসংখ্যান সংক্রান্ত বিশ্লেষণ ও প্রোগ্রামিংয়ে সহযোগিতা করেছেন। শাবানা পারভিন ও Acewebdesign এর কৃত গ্রাফিক ডিজাইনের কাজ ছাড়াও চমৎকার গ্রাফিক ডিজাইনের জন্য আহমদ শাওকী ভাই; প্রস্তুতিমূলক কাজের জন্য আমির ইসহাক ভাই ও আব্দুল কুদ্দুস উমরী ভাই; অনুবাদে সাহায্য করার জন্য ড. আব্দুল্লাহ বাসিত সিদ্দিকী, আরসাদ ইকবাল মালিক ভাই, আরজান আলি ভাই, সাঈদ আনিসুল হাসান ভাই এবং জামিলা কাভি আপা; রেকর্ডিং ও সম্পাদনা কাজের জন্য দলিলুদ্দীন খান ভাই, নাওয়াজ ইলিয়াস ভাই, ইজাজ ভাই, যুবাইর ভাই, ফারহান ভাই এবং আরোও অনেককে ধন্যবাদ। মাকসুদ উমরী, ওসমান উমরী, মাসারাত বারুচা এবং আরোও অনেকে পরামর্শ, সহযোগিতা ও দু'আ করেছেন। আল্লাহ যেন তাদের সকলকে পুরস্কৃত করেন এবং আমাদের সকলের কাছ থেকে এটি কবুল করেন।

২০১৩ সালে বাহরাইনে কুরআন কনফারেন্সের সময় আমি ব্যক্তিগতভাবে অনুমতি নিয়ে মাখরাজের চিত্রগুলি বিশ্ববিখ্যাত সিরীয় কারী শাইখ আইমান সুয়াইদ-এর লিখিত বই থেকে নিয়েছি।

আল্লাহ যেন আমাদের ভুল করা থেকে রক্ষা করেন। যদি অসাবধানতাবশত তা হয়ে থাকে, আমরা তাঁর কাছে আন্তরিক ক্ষমা প্রার্থনা করছি। আপনাদের মতামত কামনা করছি এবং কোনো ভুল পরিলক্ষিত হলে আমাদেরকে জানানোর অনুরোধ করছি যাতে পরবর্তী সংস্করণে তা শুদ্ধ করে নেওয়া যায়।

আবদুল আযীয আবদুর রহীম

জুন, ২০১৩

(abdulazeez@understandquran.com)

www.understandquran.com

May 25, 2013/15 Rajab 1434

আমাদের একাডেমির একটি সংক্ষিপ্ত পরিচিতি নিচে দেয়া হলো

একাডেমির ভিশন

- মুসলিমদের কুরআনের দিকে ফিরিয়ে আনা এবং একটি কুরআনিক প্রজন্ম তৈরি করতে সাহায্য করা যারা কুরআন তিলাওয়াত করবে, বুঝবে, প্রয়োগ করবে এবং অন্যদের নিকট পৌঁছাবে। তবে কুরআনের বিশেষজ্ঞ তৈরি করা আমাদের লক্ষ্য নয়। আলহামদুলিল্লাহ, ইতোমধ্যেই অনেক প্রতিষ্ঠান এই কাজ করছে। একাডেমিটির উদ্দেশ্য হচ্ছে সাধারণ মুসলিমদের কুরআনের মৌলিক শিক্ষা বুঝতে সাহায্য করা। ইনশা আল্লাহ, এই পদ্ধতিতে হাদিসও শিক্ষা দেয়া হবে।
- আধুনিক শিখন পদ্ধতি ব্যবহারের জন্য আমরা সকল ধরনের প্রচেষ্টা চালিয়ে যাব যেন শেখা সহজ এবং সরল হয়।
- আমাদের একটি অন্যতম লক্ষ্য হলো কুরআনকে সবচেয়ে আকর্ষণীয়, দৈনন্দিন জীবনের সবচেয়ে প্রাসঙ্গিক এবং ইহকালে ও পরকালে কৃতকার্য হওয়ার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বই হিসেবে উপস্থাপন করা।

একাডেমির মিশন

- কুরআন বুঝার লক্ষ্যে যথাসম্ভব সহজ পদ্ধতিতে আরবী ভাষা শেখানো। এ লক্ষ্যে তিনটি ভিন্ন গ্রুপের অর্থাৎ (১) শিশু (২) যুবক এবং (৩) বয়স্কদের জন্য তিনটি পৃথক পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।

শিক্ষা গ্রহণের পরিবেশ তৈরির লক্ষ্যে শিক্ষার সরঞ্জামাদি ও সামগ্রী প্রস্তুত করা।

কেন এই উদ্যোগ!

- প্রায় ৯০% অনারব মুসলিম কুরআন বুঝে না, এমনকি একটা পৃষ্ঠাও নয়। যদি তারা কয়েকটি স্বতন্ত্র শব্দের অর্থ জেনেও থাকে, তারা বাক্যের অর্থ বুঝতে পারে না। পৃথিবীতে একমাত্র এই কিতাবই ব্যাপক মাত্রায় পঠিত, কিন্তু এটিই মানুষ সবচেয়ে কম বুঝে!
- দুটি কারণে বর্তমান প্রজন্মকে উপলব্ধি করার জ্ঞানসহ কুরআন শিক্ষা দান অতীব প্রয়োজন হয়ে পড়েছে: (১) বস্তুবাদের আগ্রাসন ও মিডিয়ার অশ্লীলতা এবং (২) নবী (স.), কুরআন ও ইসলামের উপর আক্রমণ।
- যখন আমরা কুরআন, হাদিস ও নবী (স.) এর জীবনী শিক্ষা দিতে পারব, ইন্‌শা-আল্লাহ তখন আমাদের প্রজন্ম সক্ষম হবে অন্যায় বর্জন করে জীবনে সংস্কার আনতে এবং তাদের ভালো কাজ বিশ্ব-মানবতার জন্য সুনির্দিষ্ট উদাহরণ হবে। পাশাপাশি ইসলাম সম্পর্কে ভুল ধারণাগুলি কার্যকরভাবে তুলে ধরে এবং কুরআনের নির্দেশ অনুসরণ করে তারা প্রজ্ঞা ও সুন্দর ধর্মোপদেশ দিয়ে সকলকে আল্লাহর পথে আহ্বান করবে।

একাডেমির পরিকল্পনা

আমাদের দীর্ঘ মেয়াদি লক্ষ্য হচ্ছে ১.৩ বিলিয়ন অনারব মুসলিমদের কাছে পৌঁছানো এবং তারপর তাদের মাধ্যমে কুরআনের বাণী সমগ্র মানবজাতির নিকট পৌঁছে দেয়া। বর্তমান পরিকল্পনা হচ্ছে 'Understand Qur'an Course' কে মুসলিম বিশ্বের দশটি গুরুত্বপূর্ণ ভাষায় অনুবাদ করা।

শিক্ষাদান রীতি

যে কোনো প্রকার জ্ঞানকে অন্যদের কাছে পৌঁছে দেয়ার দুটি গুরুত্বপূর্ণ দিক আছে, অর্থাৎ অনুপ্রেরণা প্রদান এবং পদ্ধতি । কুরআনের আয়াত, হাদীস, ঘটনা বর্ণনা, উদাহরণ এবং অন্যান্য পরামর্শ ইত্যাদি ব্যবহৃত হয়েছে ছাত্রদের উৎসাহিত করার জন্য। আরবী ব্যাকরণসহ কুরআনের বাণী ফলপ্রসুভাবে শেখানোর জন্য উদ্ভাবনীমূলক পদ্ধতিতে কম্পিউটারে Power point slides ডিজাইন, সহজে ব্যবহারযোগ্য পাঠ্যবই, অনুশীলনের বই, পোস্টার, গেইম এবং শব্দকোষ কার্ড ব্যবহৃত হয়েছে। এই পদ্ধতিতে NLP (Neuro-linguistic progamming) -এর মতো মানুষের পারস্পারিক ভাবাবেগ প্রকাশের (Human interaction) আধুনিকতম চিন্তাধারাগুলো ব্যবহৃত হয়েছে।

কুরআন অনুধাবনের দুইটি পর্যায়

কুরআন অনুধাবনকে সহজ করার লক্ষ্যে আমরা দুই ধাপ বিশিষ্ট পদ্ধতির প্রস্তাব করছি:

- কোর্স-১: আপনি প্রায় ১২৫ টি নতুন শব্দ শিখবেন যা পবিত্র কুরআনে ৪০,০০০ বারের বেশি এসেছে।
- কোর্স-২: আপনি আরো ১২৫ টি নতুন শব্দ শিখবেন যা পবিত্র কুরআনে ১৫,০০০ বারের বেশি এসেছে।

প্রতিটি কোর্স ১০ ঘন্টায় শেখানো যেতে পারে। অতএব, ২০ ঘন্টা শিক্ষা দান করার ফলে কুরআনের ৭০% শব্দ শিখে নেওয়া যাবে! এরপর কুরআন বোঝা বেশ সহজ হয়ে যাবে। তারপর কুরআনের কোনো বিশেষ লাইনে গড়ে ২ থেকে ৩টি শব্দ আপনার জানার প্রয়োজন পড়বে।

ঐতিহাসিক প্রেক্ষাপট

কুরআন বোঝার এই মহৎ কাজ শুরু হয় ১৯৯০ সালে। কিছু গুরুত্বপূর্ণ মাইল ফলক নিম্নে দেয়া হলো।

১৯৯৬ "Easy Dictionary of the Quran" বইটির প্রকাশ (উর্দু হতে অনূদিত)।

১৯৯৮ www.understandquran.com -এর ওয়েব-সাইটের অগ্রযাত্রা।

২০০০ ৮০% কুরআনের শব্দ সম্বলিত পুস্তিকা প্রকাশ
কুরআনে ব্যবহৃত কিছু সংখ্যক নির্বাচিত ক্রিয়া সম্বলিত পুস্তিকা প্রকাশ।

২০০৪ Understand Quran – The Easy Way (Level-I) বইটির প্রকাশ।

২০০৫ কোর্স-১ এবং কোর্স-২ এর শিক্ষাদান শুরু।

সবিনয় অনুরোধ

আল্লাহর রাসুল (স.) বলেছেন: "আমার পক্ষ হতে পৌঁছিয়ে দাও, এমনকি এটি যদি একটি আয়াতও হয়।" আমরা অনুরোধ করছি আপনারাও যথাসম্ভব এই মহতী প্রচার কাজে অংশীদার হবেন। আসুন এই মহতী প্রচার কাজকে সম্পাদনের লক্ষ্যে একটি শক্তিশালী টিম গড়ে তুলি।

মহান আল্লাহর নিকট আমাদের সবিনয় নিবেদন, তিনি যেন আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করেন এবং মুনাফিকী, গর্ব, লোক-দেখানো কাজসহ সকল পাপ হতে আমাদের রক্ষা করেন।

প্রথম অংশ
আরবী বর্ণমালা

'মাখরাজ' মুখের ঐ অংশকে বলে যেখান হতে অক্ষরের ধ্বনি বের হয়ে আসে। এটিই ধ্বনির স্পষ্টভাবে উচ্চারণের স্থান। মাখরাজের বহুবচন হচ্ছে মাখারিজ। কোনো অক্ষরের মাখরাজ পেতে হলে ঐ অক্ষরের সঙ্গে ফাতহাহসহ একটি আলিফ যুক্ত করে একটি শব্দ তৈরি করুন এবং বলার চেষ্টা করুন। যেখানে ধ্বনি শেষ হবে, সেটিই তার **মাখরাজ**। উদাহরণস্বরূপ اَمْ، اَرْ، اَهْ

মাখরাজ মনে রাখার সুবিধার্থে একটি কবিতা সংযোজন করা হয়েছে। শিক্ষকের জন্য নোট: TPI (Total Physical Interaction) এর মাধ্যমে কবিতাটি শিক্ষা দিন, যেভাবে ভিডিওতে দেখানো হয়েছে। TPI হলো ক্রিয়াকলাপের মাধ্যমে শিক্ষার্থীদেরকে বিভিন্ন অক্ষরের ধ্বনি মোটা, উঁচু, পাতলা ইত্যাদি বৈশিষ্ট্যকে গুরুত্বের সাথে শিক্ষা দেয়া। এই পদ্ধতি নিশ্চিত করে তারা যেন প্রথম থেকেই বিভিন্ন অক্ষরের বৈশিষ্ট্য শিখতে পারে।



মাখরাজসহ অক্ষর (যে স্থান থেকে অক্ষরগুলি উচ্চারিত হয়)

ঠোঁট থেকে বের হয় فَ وَ بَ مَ

জিহ্বা হতে অ-নে-ক; আগা থেকে ১২টি :

ثَ، ذَ، ظَ

تَ ، دَ، طَ

زَ ، سَ، صَ

لَ، نَ، رَ

মধ্য থেকে বের হয় : جَ ، شَ، يَ

আর পাশ থেকে আসে: ضَ، كَ، قَ

সবশেষে ছয়; গলা থেকে বের হয় :

ءَ هَ، عَ حَ، غَ خَ

আরও আছে: ।

নোট: এই বইয়ে হরফগুলো সাজানো হয়েছে মাখরাজ (উচ্চারণস্থান) অনুসারে, যাতে হরফগুলো শিক্ষার্থীদের শিখতে সুবিধা হয়। অনারবদের জন্য সবচেয়ে কঠিন কাজ হচ্ছে অক্ষরগুলি শুদ্ধভাবে উচ্চারণ করা। উপরোক্ত বাধা অতিক্রম করতে ইন-শা-আল্লাহ এই পদ্ধতি সহায়ক ভূমিকা পালন করবে।

আরবী অক্ষর লেখার রেখাসমূহ

আরবী অক্ষর লেখা খুবই সহজ। আপনি সরল রেখা অথবা বৃত্ত আঁকতে পারেন। এই সরল রেখা ও বৃত্তের দ্বারা আপনি চার সেট রেখা আঁকা শিখবেন যেগুলোর সাহায্যে আপনি সবগুলো আরবী অক্ষর লিখতে পারবেন। এই রেখাগুলো ছাড়া অন্য কোন উপায়ে যদি আপনি আরবী লেখা শিখতে চান তবে তা আপনার কাছে কঠিন মনে হবে। যেমন 'س' অক্ষর লিখার জন্য আপনি বললেন এভাবে লিখ বা এভাবে হাত ঘুরাও। এভাবে না বলে আপনি যদি বলেন, ছোট বাটি, ছোট বাটি, বড় বাটি তবে লেখা শেখা সহজ এবং দ্রুত হবে।

১. খাড়া রেখা
২. শোয়া রেখা
৩. হেলানো রেখা
৪. সিকি বৃত্ত
৫. অর্ধ বৃত্ত
৬. পূর্ণ বৃত্ত
৭. থালা
৮. ছোট বাটি
৯. বড় বাটি
১০. জিহ্বা
১১. ছোট ে (এ-কার)
১২. বড় ে (এ-কার)

এখন আপনি উপর্যুক্ত রেখাগুলোর সাহায্যে সকল আরবী অক্ষর লিখতে পারবেন। যেমনঃ

م : পূর্ণবৃত্ত, শোয়া রেখা, খাড়া রেখা,
و : পূর্ণবৃত্ত, অর্ধ বৃত্ত

ب : থালা, নিচে এক বিন্দু
ف : পূর্ণবৃত্ত, থালা, এক বিন্দু

ث : থালা, তিন বিন্দু
ذ : অর্ধ বৃত্ত, এক বিন্দু
ظ : জিহ্বা, খাড়া রেখা, এক বিন্দু
ت : থালা, দুই বিন্দু
د : অর্ধ বৃত্ত
ط : জিহ্বা, খাড়া রেখা
ز : সিকি বৃত্ত, এক বিন্দু
س : ছোট বাটি, ছোট বাটি, বড় বাটি
ص : জিহ্বা, বড় বাটি
ل : খাড়া রেখা, বড় বাটি
ن : বড় বাটি, এক বিন্দু
ر : সিকি বৃত্ত

ج : শোয়া রেখা, বড় এ-কার, এক বিন্দু
ش : ছোট বাটি, ছোট বাটি, বড় বাটি, তিন বিন্দু
ي : ছোট এ-কার, বড় বাটি
ض : জিহ্বা, বড় বাটি, এক বিন্দু
ك : খাড়া রেখা, থালা
ق : পূর্ণবৃত্ত, বড় বাটি, দুই বিন্দু
ء : ছোট এ-কার, হেলানো রেখা
ه : পূর্ণ বৃত্ত
ع : ছোট এ-কার, বড় এ-কার
ح : শোয়া রেখা, বড় এ-কার
غ : ছোট এ-কার, বড় এ-কার, এক বিন্দু
خ : শোয়া রেখা, বড় এ-কার, এক বিন্দু

পাঠ ০১

মা এবং বা



অক্ষর م : আপনি কি মসজিদে মাইক দেখেছেন যা ইমাম বা মুয়াজ্জিন ব্যবহার করেন? মাইক মানুষকে দূর থেকে শুনতে সাহায্য করে। মাইক দেখতে অনেকটা মীম-এর মতো। মাইক – م

অক্ষর ب : ب বল এবং ব্যাট-এর সঙ্গে খেলতে ভালোবাসে। ب এত বেশি খেলা পছন্দ করে যে ব্যাটের নীচে বল যেমন দেখায় এটি ঠিক সে রকম। নিচে বল-সহ ব্যাট - ب

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। এগুলোই অন্য অক্ষরের সাথে যুক্ত হতে সংযোজক সহ যেমন হয় তা নিচে দেয়া হয়েছে ।

بَـ	بَ	مَـ	مَ
ـبَـ	ـبَ	ـمَـ	ـمَ

এই পাঠের নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

ـبَـ	ـمَـ	بَـ	ـمَـ	ـبَ
ـمَـ	ـبَـ	مَـ	بَـ	ـمَ

শিক্ষকের জন্য নোটঃ অক্ষরগুলির ধ্বনি অক্ষরের উপরে ফাতহাহ দিয়ে শেখা উচিত। উচ্চারণ করার জন্য এটিই হচ্ছে সবচেয়ে সহজ হারাকাহ্ (স্বরধ্বনি)। অক্ষরগুলির পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ চিনে নেয়া খুবই জরুরি। অক্ষরগুলো যখন শব্দের মধ্যে আসবে, এই পদ্ধতি শিক্ষার্থীদের প্রতিটি অক্ষর চিনতে সহায়তা করবে।

পাঠ ০২

ওয়াও এবং ফা

অক্ষর و : আপনি কি বলতে পারেন: ওয়াও!! এটি বেশ বড়ো! মুখের দিকে দেখুন। এটি গোল। ওয়াও অক্ষরটি গোল। এর একটি লেজ আছে। আপনি কি বলতে পারেন ওয়াও! ওয়াও!

অক্ষর ف : ف অক্ষরটি প্রায় ফোন রিসিভারের মতো যার মধ্য থেকে শব্দ আসে! এটি ভাঁজ করা আঙুলের মতো। তার মাথার উপরে ফুল রাখতে ভালোবাসে। আপনি কি ف -এর মতো কোনো কিছু দেখতে পান আপনার চারপাশে?

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। এগুলোই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে। খেয়াল করুন ওয়াও অক্ষরটি খুব বেশি পাতলা নয়, কিন্তু এটির সংক্ষিপ্ত-রূপ নেই। সংক্ষিপ্ত-রূপ না থাকার অর্থই হচ্ছে এটি পরবর্তী অক্ষরের সঙ্গে যুক্ত হয় না। তবে, পূর্ববর্তী অক্ষর হতে সংযোজক গ্রহণ করতে পারে।

وَ	وَ	فَ	فَ
ـوَ	ـوَ	ـفَ	ـفَ

এই পাঠের নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

وَ	ـوَ	ـفَ	ـفَ	فَ
ـوَ	فَ	وَ	ـفَ	ـوَ

পূর্ববর্তী পাঠের অক্ষরগুলি অনুশীলন করুন।

ـبَ	ـمَ	بَ	مَ	ـبَ
ـمَ	بَ	مَ	ـبَ	ـمَ

পাঠ ০৩ সা, যা এবং যোয়া

অক্ষর ث : ث ফল খেতে ভালোবাসে। এটি সবসময় তার উপর তিনটি ফল (ثَلَاثَةُ ثَمَرٍ) বহন করে।

অক্ষর ذ : চলুন আমরা জিহ্বার প্রান্তটি দেখি। এটি কেমন? দাঁতে চাপ দিয়ে জোরে ফুঁ দিয়ে বাতাস বের করুন এবং বলুন ذ. ذ প্রায় অবিকল জিহ্বার প্রান্তের মতো যখন এটি হালকাভাবে উপরের দাঁত স্পর্শ করে। দাঁত হচ্ছে ذ এর উপরে নুকতা !

অক্ষর ظ : চলুন আমরা আরেকজন বন্ধুর সাথে পরিচিত হই। সে এক বিশেষ বন্ধু: ظ । তার ধ্বনি মোটা ও উঁচু। একটি লাঠিসহ তার একটি বিশেষ পেট আছে। লাঠিটি আমাদেরকে বলছে ধ্বনি উঁচু হতে হবে। এটি সব সময় গোল পেটের উপর বসে থাকে। এটি অনেক মোটা। অতএব ধ্বনিও মোটা হতে হবে!!

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে; এই রূপই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে। খেয়াল করুন যে ذ অক্ষরটি এতই পাতলা যে এর কোনো সংক্ষিপ্ত রূপ নেই। সংক্ষিপ্ত রূপ না থাকার অর্থ হচ্ছে পরবর্তী অক্ষরের সঙ্গে এটি যুক্ত হয় না। তবে, পূর্ববর্তী অক্ষরের থেকে সংযোজক গ্রহণ করতে পারে।

ظَ	ظَ	ذَ	ذَ	ثَ	ثَ
ـظَ	ـظَ	ـذَ	ـذَ	ـثَ	ـثَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

ظَ	ـظَ	ـذَ	ثَ	ـظَ
ثَ	ـذَ	ـثَ	ـظَ	ـثَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

فَ	ـفَ	ـوَ	ـمَ	ـفَ
ـذَ	ـفَ	ـمَ	ـبَ	ـمَ
ـفَ	ـوَ	ـبَ	ـمَ	ـبَ

পাঠ ০৪ তা, দা এবং ত্ব

অক্ষর ت: আপনি কি টমেটো খেতে ভালোবাসেন? টমেটোর সস! অথবা বারগারের মধ্যে টমেটো! আমাদের নতুন বন্ধু টমেটো পছন্দ করে এবং দুইটি টমেটো এর উপরে বহন করে। একজন আরব ভাই কিভাবে টমেটো বলে? 'তা' দিয়ে তমেত বলে। কারণ আরবি ভাষায় 'ট' নেই। ت হচ্ছে একটি ট্রের উপর দুইটি তমেত।

অক্ষর د: আমি নিশ্চিত আপনারা মিষ্টি পছন্দ করেন। ডোনাট দেখতে কেমন? এগুলো গোল। একজন আরব ভাই বা বোন কিভাবে ডোনাট বলবে? দোনাট (নরম দা দিয়ে)। আমাদের দালও দোনাট ভালোই পছন্দ করে! আপনিও কি ? এটি অর্ধেক দোনাট খেয়ে ফেলেছে এবং এটি অর্ধ দোনাটের মতো! আপনার চারপাশে د-এর মতো কিছু দেখেন কি? আপনি কি আপনার হাত দিয়ে د তৈরি করতে পারেন ? د হচ্ছে ذ -এর মতো কিন্তু তার উপর নুকতা নেই।

অক্ষর ط: আমাদের নতুন অক্ষর ط হচ্ছে একটি বিশেষ অক্ষর। এটি একেবারে ظ -এর মতো কিন্তু এর উপরে নুকতা নেই। এর একটি চ্যাপটা পেট আছে এবং তাই মেঝের উপর বসে থাকতে পারে! মুখ গোলাকার করে আপনাকে ط বলতে হবে। এরও একটি লাঠি আছে। সেই জন্য ধ্বনি উঁচু হতে হবে। আপনি কি হাত দিয়ে ط বানাতে পারেন ?

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। এই রূপই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে। খেয়াল করুন, ة অক্ষরটি এতই পাতলা যে এর কোনো সংক্ষিপ্ত রূপ নেই।

طَ	طَ	دَ	دَ	تَـ	تَ ةَ
ـطَ	ـطَ	ـدَ	ـدَ	ـتَـ	ـتَ ـةَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

ةَ	ـطَـ	ـتَ	ـدَ	طَ
تَـ	ـدَ	ـتَـ	ـطَـ	ـةَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

مَـ	ـفَـ	ـبَـ	ـثَـ	ـمَـ
ـمَ	ـبَـ	بَ	ظَ	ذَ
ظَ	ـذَ	ـظَـ	ـبَـ	ـوَ
ـظَ	مَـ	بَـ	ثَـ	فَـ

বি. দ্র. (ة) এটিও এক ধরনের বিশেষ 'তা' (ت)। এর বিস্তারিত নিয়ম আমরা পরবর্তীতে শিখব। ইনশাআল্লাহ

পাঠ ০৫ ঝা, সা এবং সোয়া

অক্ষর ز: ز অক্ষর কলা খেতে ভালোবাসে। আপনিও কি ভালোবাসেন? আরবিতে কলাকে موز বলে। ز অক্ষরটি موز -এর মতো। এর দিকে দেখুন। মাউঝঝঝঝ - ز , মাউঝঝঝঝ- ز । আপনি কি ز -এর মতো কিছু দেখতে পাচ্ছেন? আপনি কি আপনার হাত দিয়ে ز বানাতে পারেন ?

অক্ষর س: س অক্ষরটি সাপের মতো দৌড়াতে ভালোবাসে। এটি খুব জোরে দৌড়ায় স্‌স্‌স্‌সাপের মতো হিস্ হিস্ শব্দ করতে করতে। এটির দিকে দেখুন। আপনি কি س -এর মতো কিছু দেখতে পান? আপনি কি আপনার হাত দিয়ে س বানাতে পারেন ?

অক্ষর ص: س অক্ষরটির ভাই সে খুব মোটা। এর একটি মোটা পেট আছে। س পাতলা এবং ص মোটা। তবে এর মাথাটি কিন্তু সিন-এর মতো নয়, মোটা বানানোর জন্য এটিকে ভাঁজ করা হয়েছে। আপনি কি ص -এর মতো কিছু দেখতে পান? আপনি কি আপনার হাত দিয়ে ص তৈরি করতে পারেন?

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে; এই রূপই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

صَـ	صَ	سَـ	سَ	زَ	زَ
ـصَـ	ـصَ	ـسَـ	ـسَ	ـزَ	ـزَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

زَ	ـصَـ	ـزَ	ـسَ	صَ
سَـ	صَ	ـسَـ	صَـ	ـزَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ـتَـ	ـمَـ	ـبَـ	ـشَـ	ـفَـ
طَـ	ـوَ	ـفَ	ـبَـ	ـمَـ
ـذَ	ثَـ	ـطَـ	ـدَ	ـتَـ
ـفَ	فَـ	ظَ	وَ	ـبَ

পাঠ ০৬

লা, না এবং রা



অক্ষর ل: লাম আলো পছন্দ করে। এটি ল্যাম্পের সাথে থাকে। চিত্রে প্রদর্শিত বড় ল্যাম্পকে এটি ভালোবাসে! এটিকে ঘুরিয়ে ফেলুন। দেখবেন ل হয়ে যাবে। আপনি ل-এর মতো কিছু দেখছেন কি ? আপনি হাত দিয়ে লাম বানাতে পারেন কি ?

অক্ষর ن: নুন নতুন চাঁদের মতো রাতে আলো দিতে পছন্দ করে। ن হচ্ছে রাতের আকাশে নতুন চাঁদ ... তার পেটে একটি তারা।

অক্ষর ر : রা লুকোচুরি খেলতে পছন্দ করে। এটি একটি রিং দেখে দৌড়ে গিয়ে তার পিছনে লুকায়। রা একটি রিং এর অংশ। এই অক্ষরটি একেবারে ز -এর মতো কিন্তু নুকতা ছাড়া।

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। এই রূপই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

لَ	لَـ	نَ	نَـ	رَ	رَ
ـلَ	ـلَـ	ـنَ	ـنَـ	ـرَ	ـرَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

لَ	رَ	نَـ	ـلَـ	نَ
ـلَ	ـنَـ	ـرَ	ـنَ	ـلَـ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ـبَـ	ـمَـ	ـتَـ	ـثَـ	ـسَـ
تَـ	ثَـ	بَـ	ظَـ	ـفَـ
ـطَـ	ـدَـ	سَـ	ـصَـ	ـزَ
ـمَـ	ـذَـ	مَـ	بَـ	ـوَ

পাঠ ০৭

জা, শা এবং ইয়া





অক্ষর ج : কোনো একসময় **জীম** অক্ষরটি স্কুলে যাচ্ছিল। ওর মা তাকে জ্যাম স্যান্ডউইচ দিয়েছিল টিফিনের জন্য। কিন্তু **জীম** এত ক্ষুধার্ত ছিল যে স্কুল যাওয়ার পথেই সে জ্যাম স্যান্ডউইচ খেয়ে ফেলে। আপনি ওর পেটে জ্যাম স্যান্ডউইচ দেখতে পাবেন!!! অতএব ج-এর পেটে সবসময় জ্যাম স্যান্ডউইচ থাকে।

অক্ষর ش: শীন গোসলের সময় সাপের মতো দৌড়াতে পছন্দ করে। বৃষ্টির তিনটি ফোটা সবসময় শীন-এর উপর ঝরতে থাকে। অতএব ش প্রায় س -এর মতো, কিন্তু তিনটি নুকতা থাকে। স্কুলে বাচ্চারা শোরগোল করলে শিক্ষক কী বলেন? ইশশশশশ! আপনার চারপাশে ش -এর মতো কিছু দেখেন কি? আপনি আপনার হাত দিয়ে ش বানাতে পারেন কি?

অক্ষর ي : ইয়া খেলনা পছন্দ করে, বিশেষ করে হলুদ রাবারের হাঁস। সবসময় তার সঙ্গে খেলতে পছন্দ করে। অতএব এটি অনেকটা হলুদ খেলনা হাঁসের মতো। আপনার চারদিকে ي -এর মতো কিছু দেখেন কি? আপনার হাত দিয়ে ي বানাতে পারেন কি?

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। একই রূপ সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

يَ يَـ	شَ شَـ	جَ جَـ
ـيَ ـيَـ	ـشَ ـشَـ	ـجَ ـجَـ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

جَ	ـشَـ	ـيَ	ـجَـ	شَـ
جَـ	ـشَ	ـيَـ	يَـ	ـجَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ثَـ	تَـ	بَـ	لَـ	نَـ
ةَ	مَـ	ـةَ	فَـ	سَـ
ـسَـ	ـصَ	صَـ	ظَـ	طَـ
ـوَ	ـزَ	ـرَ	ـدَ	ـذَ

পাঠ ০৮ দোয়া, কা এবং ক্বা



অক্ষর ض : ض একটি বিশেষ আরবি অক্ষর। এটি অন্য কোনো ভাষায় নেই। এটি খুবই মোটা এবং এর আকৃতি জিহ্বার মতো। আপনি জিহ্বার পার্শ দ্বারা উপরের চোয়ালের ডান অথবা বাম অথবা উভয় দিকের মাড়িকে স্পর্শ করুন। আপনি ض-এর ধ্বনি পাবেন। জিহ্বার পার্শে নুকতা আছে। এর আকৃতি প্রায় সোয়াদ-এর মতো, কিন্তু এর উপরে একটি নুকতা আছে। এর ধ্বনিও মোটা এবং উঁচু।

অক্ষর ك : সোফাটির দিকে দেখুন। ك সোফার উপর আরাম করতে ভালোবাসে। এর আকৃতি অবিকল সোফার মতো। কেদারা - ك , কক্ষ - ك . ك অক্ষরটির ভাঁজ করা ক্যাপ আছে তার কোলের মধ্যে। এটি কি মনে রাখা সহজ নয়? আপনার চারপাশে আপনি কি ك-এর মতো কিছু দেখেন? আপনি কি ك হাত দিয়ে বানাতে পারেন?

অক্ষর ق : আমরা সকলেই আল্লাহর কিতাব কুরআনকে ভালোবাসি। কুরআন শব্দটি ق দিয়ে শুরু! قرآن শব্দটি দেখুন এবং সেখানে দেখুন প্রথম অক্ষর ق আছে। এর গোলাকার মাথার উপরে দুইটি নুকতা আছে। আপনার চারপাশে ق -এর মতো কিছু দেখেন কি? আপনি হাত দিয়ে ق বানাতে পারেন কি?

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। একই রূপ সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

قَ	↑ قَ	كَ	كَ	ضَ ضَ
ـقَ	ـقَ	ـكَ	ـكَ	ـضَ ـضَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

كَ	ـضَ	ـقَ	ـقَ	ـصَ
ضَ	ـكَ	ـقَ	قَ	ـكَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ـمَ	ـبَ	ـفَ	ـثَ	ـتَ
ـةَ	ـسَ	ـصَ	ـظَ	ـطَ
ـزَ	ـرَ	ـذَ	ـدَ	ـوَ
ـجَ	ـشَ	ـيَ	ـلَ	ـنَ

পাঠ ০৯ কণ্ঠনালীর অক্ষর (ه,ء)





অক্ষর ء : হামজার দিকে দেখুন। এটি একটি শিশু অক্ষর। এই শিশু অক্ষরকে আপনি ভুলতে পারবেন না। এর ধ্বনি হচ্ছে ‘আ’। যেহেতু এটি একটি শিশু অক্ষর, সে আলিফ, ওয়াও বা ইয়া-এর উপর উঠে যায়। আলিফ একটি খাড়া লাইন যা আপনারা পরে শিখবেন। আপনার চারপাশে ء-এর মতো কিছু দেখেন কি ? আপনি হাত দিয়ে ء বানাতে পারেন কি ?

অক্ষর هـ ، ه : আপনার হাতের দিকে দেখুন। এটি কি হাতের মতো নয় هـ ? হাত هـ.

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। একই রূপ সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

هَـ هَ	ءَ
ـهَـ ـهَ	ؤَ ـؤَ ئَ ـئَ ئَـ ـئَـ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

هَ	ـهَـ	ـئَ	ئَ	ـؤَ
ئَـ	ـهَ	ـئَـ	هَـ	ـئَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ـسَـ	ـشَـ	ـثَـ	ـنَـ	ـبَـ
ـلَـ	ـكَـ	ـمَـ	ـيَـ	ـتَـ
ـجَـ	ـظَـ	ـطَـ	ـضَـ	ـصَـ
ـذَ	ـدَ	ـزَ	ـرَ	ـوَ

পাঠ ১০ কণ্ঠনালীর অক্ষর (ح ع)

অক্ষর ع : আরবিতে ع একটি বিশেষ অক্ষর। ع-এর বিশেষ ধ্বনি আছে যা আসে কণ্ঠনালীর মধ্য হতে। এটি আরাবী আতর (সুগন্ধি) পছন্দ করে! 'আজিব' (বিস্ময়কর)! ع আতরের সঙ্গে থাকতে ভালোবাসে। আপনি দেখুন আতর বোতলের পাশে দাঁড়িয়ে। বোতলের মতো আকৃতি নিয়ে।

অক্ষর ح : চলুন আমরা এখন অপর একটি অক্ষর দেখি যা প্রায় ج -এর মতো। আপনাদের ج-এর গল্প মনে আছে। এর পেটে জ্যাম স্যান্ডউইচ রয়েছে। আসলে ح হাঁটছিল ج -এর সঙ্গে এবং তাদের মা তাদের উভয়কে স্যান্ডউইচ দিয়েছিল। ج খেয়ে নিয়েছিল আর ح ফেলে দিয়েছিল। তাই সে এখন ক্ষুধার্ত। এর পেটে, মাথায় বা হাতে কিছুই নেই। যেহেতু সে ক্ষুধার্ত, সে একটি বিশেষ 'হা' ধ্বনি করে যা কণ্ঠনালীর মধ্য হতে আসে-- Hungry ... ح, হাঙ্গরি ... ح .

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। এই রূপই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

حَ	حَ	عَ	عَ
ـحَـ	ـحَـ	ـعَـ	ـعَـ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

عَ	حَ	ـحَـ	ـحَـ	حَ
ـعَـ	ـحَـ	ـعَـ	عَ	حَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

نَ	بَ	سَ	شَ	ثَ
يَ	تَ	لَ	كَ	مَ
ـئَـ	ـؤَـ	هَ	فَ	قَ
ـذَ	ـدَ	ـزَ	ـرَ	ءَ

কণ্ঠনালীর অক্ষর (غ خ)

অক্ষর غ : আমাদের কেবল আর দুটি অক্ষর বাকী আছে! غراب সম্বন্ধে একই কথা বলি। غراب অর্থ কাক। কাক গাছে এবং দেওয়ালে বসে কা কা করতে শুরু করে। غراب যখন ع-এর উপর বসে তখন এটি غ হয়ে যায়। ع-এর নুকতা নাই। غ-এর মাথার উপর নুকতা আছে।

অক্ষর خ : চলুন আমরা সর্বশেষ অক্ষরটি দেখি! এর জন্য আপনাদের জানতে হবে خبز (খুবয) সম্বন্ধে। خبز অর্থ রুটি। আপনাদের ج এবং ح -এর গল্প জানা আছে। ح যখন খুব বেশি Hungry (ক্ষুধার্ত) হয়ে যায় এবং অনেক বেশি ح ধ্বনি করতে থাকে, অপর একটি অক্ষর তার পাশ দিয়ে যাওয়ার সময় তার মাথায় خبز রেখে দেয়, তখন ইহা خ হয়ে যায়। ح এর মাথার উপর নুকতা দেওয়া হলেই এটি হয়ে যায় خ ।

পূর্ণ-রূপ এবং সংক্ষিপ্ত-রূপ প্রথম লাইনে দেয়া হয়েছে। এই রূপই সংযোজকসহ নিচে দেয়া হয়েছে।

غَ ↑ غَ	خَ ↑ خَ
ـغَ ـغَ	ـخَ ـخَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

غَ	خَ	ـخَ	ـخَ	ـغَ
ـغَ	ـخَ	ـغَ	ـخَ	ـغَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ـبَ	ـنَ	ـثَ	ـشَ	ـسَ
ـتَ	ـيَ	ـمَ	ـكَ	ـلَ
ؤَ	ـئَ	ـءَ	ـفَ	ـقَ
ـعَ	ـحَ	ـجَ	ـرَ	ـزَ

পাঠ ১১

আলিফ

ا

ا

ا

আলিফ-এর কোনো সংক্ষিপ্ত-রূপ নেই; এর সংক্ষিপ্ত-রূপ পূর্ণ রূপের মতোই। এটি পূর্ববর্তী অক্ষরের সঙ্গে সংযোজক গ্রহণ করে। আলিফ-এর উপর ফাতহাহ বা অন্য কোনো হারাকাত থাকলে এটি হামজা হয়ে যায়।

ا	ا
ـاَ	ـاَ

এই পাঠে শেখা নতুন অক্ষরগুলি অনুশীলন করুন।

ـاَ	ـاَ	اَ	ـاَ	اَ

পূর্ববর্তী পাঠে শেখা অক্ষরগুলি অনুশীলন করুন।

ثـَ	فـَ	وَ	مـَ	بـَ
طـَ	دَ	تـَ	ظـَ	ذَ
نـَ	لـَ	صـَ	سـَ	زَ
ضـَ	يـَ	شـَ	جـَ	رَ
اَ	ئـَ	ءَ	قـَ	كـَ
خـَ	غـَ	حـَ	عـَ	هـَ

পাঠ ১২

মাখরাজ অনুযায়ী ও প্রমিত অক্ষর বিন্যাস

মাখরাজ অনুযায়ী অক্ষর বিন্যাস

								ف	و	ب	م
ر	ن	ل	ص	س	ز	ط	د	ت	ظ	ذ	ث
						↑ق	ك	ض	ى	ش	ج
						↑خ	↑غ	ح	ع	ه	ء

অক্ষরের প্রমিত বিন্যাস

	خ	ح	ج	ث	ت	ب	ا
ض	ص	ش	س	ز	ر	ذ	د
ل	ك	ق	ف	غ	ع	ظ	ط
		ى	ء	ه	و	ن	م

দ্বিতীয় অংশ
হারাকাত

হারাকাতের কবিতা







হরকতের কবিতার TPI এর পদ্ধতি ভিডিও সিডিতে দেয়া আছে। কবিতাটি হল:

اَ اِ اُ
اَا اِيْ اُوْ
اَنْ اِنْ اُنْ
شَدَّة مَدّ سُكُون

ফাতহাহ দিয়ে অনুশীলন

অক্ষর কবিতা

ফাতহাহ সহ পূর্ণরূপ

জিহ্বা হতে অ-নে-ক;

অক্ষর কবিতা

ফাতহাহ সহ সংক্ষিপ্তরূপ



জিহ্বা হতে অ-নে-ক;

পাঠ ১৩ ফাতহাহ অক্ষর

মা-শা-আল্লাহ! এই পাঠ শেষে, আপনারা যে সকল শব্দ শিখবেন তা ৩০০ বার কুরআনে পাওয়া যাবে।

আরবীতে স্বর চিহ্নকে হারাকাত বলে। সংক্ষিপ্ত ও সহজ করার জন্য আমরা এগুলিকে চিহ্ন বলে আখ্যায়িত করব। এগুলি হচ্ছে ফাতহাহ (যবর), কাসরাহ (যের) এবং দম্মাহ (পেশ)। সবচেয়ে সহজ উচ্চারণের চিহ্নটি হচ্ছে ফাতহাহ (যেমন: بَ)। ফাতহাহযুক্ত অক্ষরকে আমরা বলব 'ফাতহাহ-অক্ষর'। যে অক্ষরের উপর এটি থাকে সেই অক্ষরকে 'আ' ধ্বনি প্রদান করে। যে সকল অক্ষর উচ্চারণের সময় [জিহ্বার পেছনের অংশ উঁচু হওয়ার কারণে] আওয়াজ উচ্চ বা মোটা হয় (ইসতি'লা-استعلاء) সে সকল অক্ষরের উপর তীর চিহ্ন দেয়া হয়েছে। যেমন: خ غ ق ص ض ط ظ

১ অক্ষর কবিতা

১ অক্ষর কবিতা





অনুশীলন: নিম্নলিখিত ফাতহাহ বিশিষ্ট শব্দগুলি কুরআনে প্রায়ই পাওয়া যায়। কমপক্ষে একবার শিক্ষার্থীদের তাদের অর্থ বলে দিন যেন তারা বুঝতে পারে যে এগুলি অর্থহীন শব্দ নয়।

لَـكَ *৭০+ لَكَ তোমার জন্য	مَـعَ +৫৫ مَعَ সাথে	تَـرَ *৩০+ تَرَ তুমি দেখ
جَـعَـلَ +৪০* جَعَلَ সে তৈরী করেছে	مَـعَـكَ مَعَكَ তোমার সাথে	تَـرَكَ تَرَكَ সে ত্যাগ করেছে/ রেখে গিয়েছে
خَـلَـقَ +৫৫* خَلَقَ তিনি সৃষ্টি করেছেন	بَـلَـغَ بَلَغَ সে পৌঁছেছে	أَخَـذَ أَخَذَ সে গ্রহণ করেছে
وَ خَـلَـقَ وَخَلَقَ এবং তিনি সৃষ্টি করেছেন	فَـبَـعَـثَ فَبَعَثَ অতঃপর সে পুনরুত্থান করেছে	وَ جَـعَـلَ +২৫* وَجَعَلَ এবং সে তৈরী করেছে

পাঠ ১৪

আলিফ মাদ্দ

মা-শা-আল্লাহ! এই পাঠ শেষে, আপনারা যে সকল শব্দ শিখবেন তা ৫,১০০ বার কুরআনে পাওয়া যাবে।

ফাতহাহ-অক্ষর-এর পরে যদি আলিফ আসে, তখন অক্ষরটির ধ্বনি দ্বিগুন প্রলম্বিত হয়। এই আলিফকে আমরা 'আলিফ-মাদ্দ' বলব। غ خ ق এবং ص ض ط ظ (মোটা ও উচ্চ আওয়াজ বিশিষ্ট অক্ষর - اِسْتِعْلَاء) এর ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

২ অক্ষর কবিতা

(আলিফ মাদ্দসহ)



জিহ্বা হতে অ-নে-ক;

অনুশীলন: নিচে প্রদত্ত আলিফ-মাদ্দযুক্ত শব্দগুলো কুরআনে বারবার এসেছে। শিক্ষার্থীদেরকে এগুলোর অর্থ কমপক্ষে একবার বলে দিন যেন তারা বুঝতে পারে যে শব্দগুলি অর্থহীন নয়। غ خ ق এবং ص ض ط ظ (মোটা ও উচ্চ আওয়াজ বিশিষ্ট অক্ষর - استعلاء) এর জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করবেন।

كَـمَا +৫৫* كَمَا মতো, যেমন	فَـمَا +৮৫* فَمَا অতএব/ অতঃপর না/ কি?	وَ مَا +৬০০* وَمَا এবং কি?/ না/ যা	مَا +১০০০* مَا কি?/ না/ যা
أَ لَا +৯৫* أَلَا নয় কি, সাবধান!	فَـلَا فَلَا অতএব না	وَ لَا +৬৫০* وَلَا এবং না	لَا +৮০০* لَا না
لَـنَا +৮০* لَنَا আমাদের জন্য	فَـقَا لَ +২৫* فَقَالَ অতঃপর সে বলেছে	وَ قَا لَ ৮৫* وَقَالَ এবং সে বলেছে	قَا لَ +৪১০* قَالَ সে বলেছে
حِجْرْ নিষেধ, বাধা	شُكْرْ কৃতজ্ঞতা	وَالْعَصْرْ সময়ের শপথ	وَالْفَجْرْ প্রভাতের শপথ

নিয়ম-৪: যদি কাসরাহযুক্ত অক্ষরের পরে 'র' সাকিন আসে এবং তার পরবর্তী অক্ষর ص،ض،ط،ظ ق،خ،غ (মোটা ও উচ্চ আওয়াজ বিশিষ্ট হরফ) এর যে কোনো একটি হয় তাহলে (رْ) মোটা করে উচ্চারণ করতে হবে।

فِرْقَةٍ দল	قِرْطَاسٍ কাগজ	بِالْمِرْصَادِ পাহারা দেওয়ার স্থানে/ঘাঁটিতে

নিয়ম-৫: যদি নরম-ইয়া-এর পরে 'রা' সাকিন আসে তাহলে (رْ) পাতলা করে উচ্চারণ করতে হবে।

غَيْرْ ব্যতীত, ছাড়া	سَيْرْ ভ্রমণ	طَيْرْ পাখি	خَيْرْ*+১৫০ কল্যাণ, ভাল, সম্পদ

পাঠ
৪৩

নুন-সাকিন ও তানউইন إِظْهَار: (স্পষ্ট করে পড়া)

মা-শা-আল্লাহ! এই পাঠ শেষে, আপনারা যে শব্দসমূহ শিখবেন তা কুরআনে ৩৮,৮০০ বার এসেছে।

ইযহার অর্থ স্পষ্ট করে পড়া। যদি নুন-সাকিন (نْ) বা তানউইন (দুই ফাতহাহ, দুই কাসরাহ ও দুই দম্মাহ)-এর পরে কণ্ঠনালীর অক্ষরগুলোর (ء ه ع ح غ خ) যে কোনো একটি আসে, তাহলে 'নুন-সাকিন' বা তানউইনকে স্পষ্টভাবে (ইযহার) উচ্চারণ করতে হবে। অর্থাৎ সাধারণভাবে পড়ে যেতে হবে। দুই ফাতহাহ এর পরে আলিফ বা ইয়া উপেক্ষা করতে হবে, যখন শব্দগুলো একসাথে পড়বেন।

তানউইন	নুন-সাকিন		
সব সময় দুই শব্দের মধ্যে	দুই শব্দের মধ্যে	একই শব্দে	
هُدًى أَوْ পথনির্দেশ, অথবা	+৫০০* أَنْ اٰمِنُوْا যে, তোমরা বিশ্বাস করো!	وَيَنْـئَوْنَ এবং তারা দূরে চলে যাবে/যায়	ء
وَنُوْحًا هَدَيْنَا এবং নুহকে (আ.) আমরা পথনির্দেশ দিয়েছি	+১৭০* وَإِنْ هُمْ এবং তারা নয়/এবং যদি তারা	مِنْهُمْ তাদের থেকে	ه
+১২০* شَيْءٍ عَلِيْمٌ ..... বিষয়ে জ্ঞানী	+৯৫* فَإِنْ عُدْنَا অতঃপর যদি আমরা ফিরে যাই	أَنْعَمْتَ তুমি অনুগ্রহ করেছো	ع
عَيْنٍ حَمِئَةٍ কালো কাদার ঝর্ণা	مِنْ حَسَنَةٍ ভালো কিছু থেকে	وَانْحَرْ এবং কুরবানী করুন	ح
رَبٌّ غَفُوْرٌ মহাক্ষমাশীল প্রতিপালক	+৬৫* مِنْ غَيْرِ ব্যতীত	فَسَيُنْغِضُوْنَ অতঃপর তারা মাথা নাড়াবে	غ
عَلِيْمٌ خَبِيْرٌ মহাজ্ঞানী, সর্বোজ্ঞ	مِنْ خَيْرٍ উত্তম কিছু হতে	وَالْمُنْخَنِقَةُ এবং শ্বাসরোধে নিহত	خ

পাঠ ৪৪ গোপন (إِخْفَاء) নুন-সাকিন ও তানউইন

মা-শা-আল্লাহ! এই পাঠ শেষে, আপনারা যে শব্দসমূহ শিখবেন তা কুরআনে ৩৯,৫০০ বার এসেছে।

যদি নুন সাকিন (نْ) বা তানউইনের (ـًـٍـٌ) পরে (ف، ث ذ ظ، ت د ط، ز س ص، ج ش، ض ك ق) অক্ষরগুলোর যে কোনো একটি আসে (এদের মাখরাজ নুন এর মাখরাজের কাছাকাছি), তাহলে নুন সাকিন বা তানউইন গুন্নাহসহ গোপন করে পড়তে হবে। বিভিন্ন প্রিন্টের কুরআনে সুকুনের আকার বিভিন্ন রকমের। এই পুস্তকে নুন-সাকিন গোপন করার জন্য আমরা সাধারণ চিহ্নের পরিবর্তে একটু ঘোরানো সুকুন চিহ্ন ব্যবহার করেছি। তানউইনের জন্য সাধারণ চিহ্নের (ـً ـٌ) পরিবর্তে ইখফার জন্য চিহ্ন হচ্ছে (ـً ـٌ) । দুই ফাতহাহ এর পরে আলিফ বা ইয়া উপেক্ষা করতে হবে, যখন শব্দগুলো একসাথে পড়বেন ।

তানউইন	নুন-সাকিন (النُّونُ السَّاكِنَةُ)		
সব সময় দুই শব্দের মধ্যে	দুই শব্দের মধ্যে	একই শব্দের মধ্যে	
خَالِدًا فِيهَا তার মধ্যে চিরদিন থাকবে	*২৫+ مِنْ فَضْلِهِ তাঁর অনুগ্রহ থেকে	+৩৬* أَنْفُسَهُمْ তাদের নিজেদের	ف
مَآءً ثَجَّاجًا পর্যাপ্ত পরিমাণ পানি	+৮০* فَمَنْ ثَقُلَتْ অতঃপর যার ভারী হবে	أُنْثَى স্ত্রীলোক	ث
نَفْسٍ ذَآئِقَةُ আত্মা ... স্বাদ গ্রহণকারী	مِنْ ذَكَرٍ পুরুষ হতে	أَنْذِرْ তুমি সতর্ক করো	ذ
ظِلًّا ظَلِيلًا ঘন ছায়া	مِنْ ظَهِيرٍ সাহায্যকারী থেকে	يَنْظُرُ সে দেখবে/দেখে	ظ
فَرِيقًا تَقْتُلُوْنَ একটি দলকে তোমরা হত্যা করবে/করো	مِنْ تَحْتِهَا এর নীচ থেকে	৫৫* أَنْتَ তুমি	ت
قِنْوَانٌ دَانِيَةٌ নিকটবর্তী ঝুলন্ত গুচ্ছ	مِنْ دُوْنِهِ তিনি ছাড়া	+১১০* عِنْدَ কাছে, নিকটে	د
قَوْمًا طَاغِيْنَ সীমালঙ্ঘনকারী সম্প্রদায়	مِنْ طِيْنٍ মাটি হতে	يَنْطِقُ তিনি কথা বলবেন/বলেন	ط

তানউইন	নুন-সাকিন		
সবসময় দুই শব্দের মধ্যে	দুই শব্দের মধ্যে	এক শব্দের মধ্যে	
يَوْمَئِذٍ زُرْقًا ঐ দিন চোখ হবে নীল	مِنْ زَكٰوةٍ যাকাত থেকে	+৪৫* أَنْزَلَ তিনি অবতীর্ণ করেছেন	ز
قَوْلًا سَدِيْدًا শক্তিশালী কথা, সরল/সত্য কথা	عَنْ سَبِيْلِ পথ হতে	اَلْإِنْسَانَ মানুষ	س
عَمَلًا صَالِحًا পূণ্যবান কাজ/নেক আমল	مِنْ صِيَامٍ সাওম থেকে	يُنْصَرُوْنَ তাদের সাহায্য করা হবে/হয়	ص
فَصَبْرٌ جَمِيْلٌ অতঃপর/অতএব উত্তম ধৈর্য্যধারণ	مَنْ جَآءَ যে এসেছে	وَالْإِنْجِيْلَ এবং ইঞ্জিল	ج
نَفْسٌ شَيْـًٔا আত্মা, জিনিস	مِنْ شَيْءٍ জিনিস থেকে	أَنْشَأَكُمْ তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন	ش
قَوْمًا ضَآلِّيْنَ বিভ্রান্ত সম্প্রদায়	وَمَنْ ضَلَّ এবং যে বিভ্রান্ত হবে	مَنْضُوْدٍ স্তরে স্তরে, কাঁদি কাঁদি	ض
رِزْقٌ كَرِيْمٌ সম্মানিত রিযিক	+১৮০* +৩৫০* إِنْ كُنْتُمْ যদি তোমরা হও	+২০* عَنْكُمْ তোমাদের থেকে	ك
عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ সবকিছুর উপর ক্ষমতাবান	مِنْ قَرِيْبٍ কাছ থেকে	لَمُنْقَلِبُوْنَ অবশ্যই প্রত্যাবর্তনকারীগণ	ق

পাঠ ৪৫

মিলিয়ে পড়া (إِدْغَام): নুন-সাকিন ও তানউইন

মা-শা-আল্লাহ! এই পাঠ শেষে, আপনারা যে শব্দসমূহ শিখবেন তা কুরআনে ৪০,২০০ বার

১. গুন্নাহসহ ইদগাম: যদি নুন-সাকিন বা তানউইনের পরে (ي و م ن) অক্ষরগুলি আসে তাহলে نْ (নুন-সাকিন) বা তানউইনকে গুন্নাহসহ পরবর্তী অক্ষরের সঙ্গে মিলিয়ে বা যুক্ত করে পড়তে হবে। এই মিলন, পরবর্তী অক্ষরে তাশদীদ দিয়ে প্রকাশ করা হয়। এই পুস্তকে আমরা কিছুটা পরিবর্তিত চিহ্ন (٣) ব্যবহার করেছি এর উপরে গুন্নাহ দেখানোর জন্য।

+২০* لِقَوْمٍ يَّعْقِلُوْنَ +৫০* এমন জাতির জন্য যারা উপলব্ধি করে	لِمَنْ يَّشَآءُ +৬০* যে ইচ্ছা করেন তার জন্য	ى
৬৫* سِنَةٌ وَّلَا نَوْمٌ তন্দ্রা নয় এবং ঘুমও নয়	مِنْ وَّلِيٍّ অভিভাবক হতে	و
عَدُوٌّ مُّبِيْنٌ স্পষ্ট শত্রু	مِنْ مَّآءٍ পানি থেকে	م
شَيْءٍ نَّحْنُ জিনিস, আমরা	مِنْ نِّعْمَةٍ অনুগ্রহ থেকে	ن

২. গুন্নাহ ছাড়া ইদগাম: যদি নুন-সাকিন বা তানউইন-এর পরে ر ل দুটি অক্ষরের কোন একটি আসে, তাহলে نْ বা তানউইন গুন্নাহ ছাড়া পরবর্তী অক্ষরের সাথে মিলিয়ে পড়তে হবে। এই মিলন পরবর্তী অক্ষরের উপর তাশদীদ চিহ্ন দিয়ে দেখানো হয়।

يَوْمٌ لَّا দিন, না	+১৬০* مَنْ لَّمْ যিনি, নয়	ل
غَفُوْرٌ رَّحِيْمٌ মহাক্ষমাশীল, অতীশয় দয়াবান	+৪০* مِنْ رَّبِّكُمْ তোমাদের প্রতিপালক থেকে	ر

৩. ব্যতিক্রম: নিচের চারটি শব্দে নুন-সাকিনের কোনো ইদগাম হবে না। কেননা এগুলো এক শব্দ। আর এক শব্দের মাঝে ইদগাম হয় না।

دُنْيَا، بُنْيَانٌ، صِنْوَانٌ، قِنْوَانٌ

পাঠ ৪৬

পরিবর্তন (إِقْلَاب): নুন-সাকিন ও তানউইন

মা-শা-আল্লাহ! এই পাঠ শেষে আপনারা যে শব্দসমূহ শিখবেন তা কুরআনে ৪০,৫০০ বার এসেছে।

যদি নুন-সাকিন (نْ) বা তানউইন (ـٍـٌـً) এর পরে ب অক্ষর আসে, তাহলে نْ -কে م দ্বারা পরিবর্তন করে গুন্নাহসহ পড়তে হবে। এই পরিবর্তন সাধারণত দেখানো হয় نْ -এর উপরে একটি ছোট م দেওয়ার মাধ্যমে।

তানউইন	নুন-সাকিন	
সবসময় দুই শব্দের মধ্যে	দুই শব্দের মধ্যে	এক শব্দের মধ্যে
شَهِيدًا بَيْنَنَا আমাদের মধ্যে সাক্ষী	+২২০* عَنْ بَعْضٍ একটি অংশের	أَنْبَآءِ সংবাদসমূহ
أَبَدًا بِمَا চিরকাল, যে কারণে	وَمَنْ بَلَغَ এবং যার কাছে পৌঁছে	أَنْبِيَآءَ নবীগণ
+৩০* أُمَّةٍ بِشَهِيدٍ একটি জাতি, সাক্ষীসহ	+১৪০* مِنْ بَعْدِ পরে	يَنْبَغِى যথাযথ, বাঞ্ছনীয়, উচিৎ হবে/হয়
مُسَخَّرٰتٍ بِأَمْرِهِۦ তাঁর নির্দেশে নিয়ন্ত্রিত	فَإِنْ بَغَتْ অতঃপর যদি সে সীমালঙ্ঘন করে	لِجَنْبِهِۦ তার পাশে
+৪০* خَبِيرٌۢ بَصِيرٌ যিনি সবকিছু দেখেন ও খবর রাখেন	لَمْ تَكُنْ بَيْنَكُمْ তোমাদের মধ্যে হয় নাই	تُنْبِتُ সে (স্ত্রী) উৎপন্ন করবে/করে
صُمٌّۢ بُكْمٌ বধিরগণ, বোবাগণ	أَكُنْ بِدُعَآئِكَ আপনাকে ডেকে আমি হই	سُنْبُلَةٍ শিষ

পাঠ ৪৭

ছোট নুন (নুনে কুত্বনী)
(النُّوْنُ الْقُطْنِيُّ)

তানউইনযুক্ত কোনো অক্ষরের পরে যদি হামযাতুল 'ওয়াস্‌ল' (যে হামযা মিলিয়ে পড়ার সময় উচ্চারণ করা হয় না) আসে, তাহলে তানউইন-এর পরিবর্তে একটি ছোট 'নুন' প্রতিস্থাপিত করা হয়। এটিকে আমরা ছোট নুন (নুনে কুত্বনী) বলব। এর নিচে সবসময় কাসরাহ (যের) হয়। মনে রাখবেন, এই নুন দুই শব্দের মাঝে থাকে।

يَوْمَئِذِ اِلْحَقُّ	৪০* نُوْحُ اِبْنَهٗ
قَوْمَا اِللّٰهُ	وَأَمْوَالُ اِقْتَرَفْتُمُوْهَا
كَرَمَادِ اِشْتَدَّتْ	خَيْرَا اِلْوَصِيَّةُ

আপনি যদি কোনো আয়াতের শেষে না থামেন, তাহলে আপনাকে পরবর্তী আয়াতের শব্দের প্রারম্ভেই ছোট-নুন যোগ করতে হবে যা নিচে দেখানো হলো।

مُرْتَابٌ ﴿৪০:৩৪﴾ اِلَّذِيْنَ

যখন থামবেন	যখন থামবেন না
مُرْتَابْ ﴿৪০:৩৪﴾ اَلَّذِيْنَ	مُرْتَابُ اِلَّذِيْنَ

إِلَّا نُفُوْرًا ﴿৩৫:৪২﴾ اِسْتِكْبَارًا

যখন থামবেন	যখন থামবেন না
إِلَّا نُفُوْرَا ﴿৩৫:৪২﴾ اِسْتِكْبَارًا	اِلَّا نُفُوْرَ ﴿৩৫:৪২﴾ اِسْتِكْبَارًا

هُمَزَةٍ لُّمَزَةٍ ۝১০৪:১ اِلَّذِىْ

যখন থামবেন না	যখন থামবেন
هُمَزَةٍ لُّمَزَةِ ۝১০৪:১ نِ اِلَّذِىْ	هُمَزَةٍ لُّمَزَهْ ۝১০৪:১ اَلَّذِىْ

عَذَابًا أَلِيمًا ۝৪:১৩৮ نِ اِلَّذِيْنَ

যখন থামবেন না	যখন থামবেন
عَذَابًا أَلِيمَ ۝৪:১৩৮ نِ اِلَّذِيْنَ	عَذَابًا أَلِيمَا ۝৪:১৩৮ اَلَّذِيْنَ

مُّنِيبٍ ۝৫০:৩৩ نِ اِدْخُلُوْهَا

যখন থামবেন না	যখন থামবেন
مُّنِيبِ ۝৫০:৩৩ نِ اِدْخُلُوْهَا	مُّنِيبْ ۝৫০:৩৩ اُدْخُلُوْهَا

পাঠ ৪৮

অনুচ্চারিত অক্ষর

কুরআনুল কারীমে অনেক ক্ষেত্রে ا و ى লেখা হয়, কিন্তু এদের উচ্চারণ করা হয় না। যেমন:

নিয়ম ১: যদি কোনো ফাতহাহ, কাসরাহ বা দম্মাহ যুক্ত অক্ষরের পরে সুকুন বা তাশদীদযুক্ত অপর অক্ষর আসে এবং যদি এই দুটি অক্ষরের মাঝে আলিফ, ওয়াও বা ইয়া থাকে, তাহলে মাঝের অক্ষরের উচ্চারণ বাদ দিতে হবে।

فَالْيَوْمَ	وَالْقَمَرَ	وَالشَّمْسَ
فَلْيَوْمَ	وَلْقَمَرَ	وَشَّمْسَ

নিয়ম ২: যদি আপনি 'আলিফ'-এর উপর ছোট শূন্য দেখেন, তাহলে তা উচ্চারণ করতে হবে না।

أَفَأْبِنْ	لِشَأْيْءٍ	وَمَلَأْبِهِ
اَفَبِنْ	لِشَيْءٍ	وَمَلَبِهِ
ثَمُوْدَاْ	لِتَتْلُوَاْ	لَنْ نَّدْعُوَاْ
ثَمُوْدَ	لِتَتْلُوَ	لَنْ نَّدْعُوَ
لَاْ إِلَى اللهِ	وَلَاْ أَوْضَعُوْا	بِئْسَ الِاسْمُ
لَإِلَ للهِ	وَلَأَوْضَعُوْا	بِئْسَ لِسْمُ

নিয়ম ৩: কুরআনে اَنَا শব্দটির উচ্চারণ أَنَ করা হয় যদিও আলিফ-এর উপর ছোট শূন্য থাকে না। আলিফ -মাদ্দ হিসাবেও টান দিবেন না। اَنَا অর্থ আমি। তবে যদি আপনি اَنَا -এর পরে থামেন, তাহলে আলিফ-মাদ্দ-এর টান দিতে হবে।

أَنَا	وَأَنَا	فَأَنَا
أَنَ	وَأَنَ	فَأَنَ

নিয়ম ৪: খাড়া যবরের পরে, যদি হরকতের চিহ্ন ছাড়া কোনো 'ইয়া' থাকে, তখন এটিকে পড়বেন না । বিষয়টি আমরা ইতোমধ্যে পাঠ-২১-এ আলোচনা করেছি।

مَأْوٰى	مُوْسٰى	عِيْسٰى
مَاْوْ	مُوْسْ	عِيْسْ

নিয়ম ৫: ى -এর উপরে যদি কোনো চিহ্ন না থাকে, তখন এটিকে পড়বেন না। চিহ্ন নেই ধ্বনিও নেই।

فِي الْأَرْضِ	عَلَى اللهِ	إِلَى الَّذِيْنَ
فِ لْأَرْضِ	عَلَ اللهِ	إِلَ لَّذِيْنَ
عَسَى اللّٰهُ	عِيْسَى ابْنَ	فَتَرَى الَّذِيْنَ
عَسَ اللّٰهُ	عِيْسَ بْنَ	فَتَرَ لَّذِيْنَ

নিয়ম ০৬: و -এর উপরে যদি কোনো চিহ্ন না থাকে, এটিকে পড়বেন না। চিহ্ন নেই ধ্বনিও নেই।

اَلْحَيٰوةِ اَلْحَيٰةِ	اَلصَّلٰوةَ اَلصَّلٰةَ	اَلزَّكٰوةَ اَلزَّكٰةَ
وَأُولُوا الْأَرْحَامِ وَأُلُلْأَرْحَامِ	أُولٰٓئِكَ أُلٰٓئِكَ	وَلَأُوصَلِّبَنَّكُمْ وَلَأُصَلِّبَنَّكُمْ

পাঠ ৪৯

৩৬-৪৮ পাঠের পুনরালোচনা

أُولَٰٓئِكَ ঐসকল, ঐগুলো	ذَٰلِكَ উহা, ঐটি	هَٰٓؤُلَاءِ এসকল, এগুলো	هَٰذَا ইহা, এটি, ইনি
اَلْكَرِيْمُ সম্মানিত	اَلْعَظِيْمُ মহান	اَلْعَلِيْمُ মহাজ্ঞানী	اَلرَّحِيْمُ অতি দয়াবান
إِنْسَانَ মানুষ	أُنْزِلَ তা নাযিল করা হয়েছে	وَأَنْتُمْ এবং তোমরা	عَنْكُمْ তোমাদের থেকে
اَلسَّاعَةُ সময়, কিয়ামত	اَلنَّبِيُّ নবী	اَلْاٰيٰتِ নিদর্শনসমূহ, আয়াতসমূহ	اَلْأَمْرُ বিষয়, আদেশ
وَقُلْ رَّبِّ এবং বলো, হে আমার রব!	وَمَنْ مَّعَهٗ এবং যে তার সাথে আছে	مِنْ نِّعْمَةٍ অনুগ্রহ থেকে	مِنْ وَّلِيٍّ অভিভাবক থেকে
فِيْهَآ أَبَدًا তার মধ্যে চিরকাল	بِمَآ أُنْزِلَ যা তার প্রতি নাযিল করা হয়েছে	شَيْءٍ قَدِيْرٌ বস্তু/জিনিস, ক্ষমতাশালী	قَوْلًا سَدِيْدًا সঠিক/সত্য কথা
كٓهٰيٰعٓصٓ ---	اَلْحَآقَّةُ কিয়ামত, চরম বাস্তবতা	فَأُولٰٓئِكَ অতঃপর/অতএব ঐগুলি, ঐসকল	إِسْرَآءِيْلَ ইসরাইল (ইয়াকুব) (আ.)

পাঠ ৫০ তিলাওয়াতের শুরু এবং সমাপ্তি

যখন আপনি আয়াতের মাঝে তিলাওয়াত বন্ধ করতে চাইবেন, প্রথমতঃ ধ্বনি বন্ধ করুন এবং নিঃশ্বাস নিন। যদি আপনি আয়াতের মাঝে থামতে চান, তখন নিশ্চিত হওয়ার চেষ্টা করুন যে অর্থ বিকৃত হচ্ছে না।

নিয়ম ১: যদি শেষ অক্ষরে ফাতহাহ, কাসরাহ বা দম্মাহ থাকে, তাহলে এটিকে সাকিন করুন।

ـَ	شَكَرَ ←	شَكَرْ
ـِ	وَالْعَصْرِ ←	وَالْعَصْرْ
ـُ	وَالْفَتْحُ ←	وَالْفَتْحْ

যদি শেষ অক্ষর হামজা হয় তাহলেও এটিকে সাকিন করুন।

ـَ	شُهَدَآءَ ←	شُهَدَآءْ
ـِ	اَلسَّمَآءِ ←	اَلسَّمَآءْ
ـُ	يَشَآءُ ←	يَشَآءْ

নিয়ম ২.ক: যদি শেষের অক্ষরটিতে আলিফ-মাদ্দ, ইয়া-মাদ্দ বা ওয়াও-মাদ্দ থাকে তাহলে শেষ অক্ষরটি যেভাবে আছে সেভাবেই পড়ে থামতে হবে।

ـَا	هٰذَا	←	هٰذَا
	زِلْزَالَهَا	←	زِلْزَالَهَا
ـِ	لِذِكْرِيْ	←	لِذِكْرِيْ
	جَنَّتِيْ	←	جَنَّتِيْ
ـُ	وَاعْبُدُوْا	←	وَاعْبُدُوْا
	تَعُوْلُوْا	←	تَعُوْلُوْا

নিয়ম ২.খ: যদি শেষের অক্ষরটিতে খাড়া ফাতহাহ থাকে তাহলে মাদ্দের সাথে থামতে হবে এবং খাড়া কাসরাহ বা উল্টা দম্মাহ থাকলে শেষ অক্ষরটিতে সাকিন করুন ।

ـا	طٰهٰ	←	طٰهْ
	مَاْوٰى	←	مَاْوٰى
	قَلٰى	←	قَلٰى

رَبِّهْ	←	رَبِّهٖ	ــِـ
بِهْ	←	بِهٖ	

رَبُّهْ	←	رَبُّهٗ	ــُـ
لَهْ	←	لَهٗ	

নিয়ম ২.গ: যদি শেষের অক্ষরের পূর্বে আলিফ-মাদ্দ, ইয়া-মাদ্দ বা ওয়াও-মাদ্দ থাকে, তাহলে আপনি ২, ৪ বা ৬ হরকত পরিমাণ টান দিয়ে থামতে পারেন।

ـُوْ+ ـِيْ+ ـَا+ ← ـُوْ+ ـِيْ+ ـَا+

تُكَذِّبَانْ	←	تُكَذِّبَانِ	ـَا+
اَلرَّحِيْمْ	←	اَلرَّحِيْمِ	ـِيْ+
فَيَكُوْنْ	←	فَيَكُوْنُ	ـُوْ+

নিয়ম ২.ঘ: যদি শেষের অক্ষরের পূর্বে নরম-ইয়া বা নরম-ওয়াও (লীনের হরফ) থাকে, তাহলে আপনি ২, ৪ বা ৬ হরকত পরিমাণ টান দিয়ে থামতে পারেন।

يْ +	وَالصَّيْفِ ←	وَالصَّيْفْ
	دَيْنِ ←	دَيْنْ
وْ +	خَوْفٍ ←	خَوْفْ

নিয়ম ৩.ক: যদি শেষের অক্ষরে (বা এক অক্ষর পূর্বে) দুই ফাতহাহ থাকে তাহলে মাদ্দের সাথে থামতে হবে এবং দুই কাসরাহ বা দুই দম্মাহ থাকলে সাকিন করে থামতে হবে।

ـًا	تَوَّابًا ←	تَوَّابَا
ءً	مَاءً ←	مَاءَا
ـًى	هُدًى ←	هُدٰى
	مُسَمًّى ←	مُسَمّٰى

ـٍ	بِنَهَرٍ	←	بِنَهَرْ
ـٌ	بَشَرٌ	←	بَشَرْ

নিয়ম ৩.খ: শেষে হামজা থাকলেও একই নিয়ম ৩ক এর মতো হবে।

ـٍ	سُوٓءٍ	←	سُوٓءْ
ـٌ	شِفَآءٌ	←	شِفَآءْ

নিয়ম ৩.গ: আরবি ভাষায় গোল তা (ة) ব্যবহার হয় স্ত্রীলিঙ্গ বিশেষ্যের জন্য। উদাহরণস্বরূপ: مُسْلِمَةٌ । আপনি যদি এই জাতীয় শব্দের শেষে থামেন তাহলে ة-কে ه-তে রূপান্তর করুন এবং একে সাকিন করুন। ফাতহাহ, কাসরাহ বা দম্মাহ-এর জন্যও একই নিয়ম !

ـَةً	مُسْلِمَةً	←	مُسْلِمَهْ
ـِةٍ	رَاضِيَةٍ	←	رَاضِيَهْ
ـُةٌ	هَاوِيَةٌ	←	هَاوِيَهْ

ةَ	كَانَتِ الْقَاضِيَةَ ←	كَانَتِ الْقَاضِيَهْ
ةِ	يَوْمُ الْقِيَامَةِ ←	يَوْمُ الْقِيَامَهْ
ةُ	اَلْقَارِعَةُ ←	اَلْقَارِعَهْ

নিয়ম ৪ : যদি শেষের অক্ষরে সুকুন (ـْ) থাকে, তাহলে সুকুন রেখে দিয়ে থেমে যাবেন।

ـُـْ	أَعْمَالَهُمْ ←	أَعْمَالَهُمْ
	حِسَابِيَهْ ←	حِسَابِيَهْ

নিয়ম ৫ : যদি শেষের অক্ষরে তাশদীদ থাকে তাহলে নিম্নলিখিত নিয়মাবলি মেনে চলুন।

৫.ক : যদি শেষ অক্ষরে তাশদীদ থাকে, তাশদীদসহ থামুন (হারাকাত ছাড়া)।

ـُـّ	الْمُسْتَقَرُّ ←	الْمُسْتَقَرّ
ـِـّ	السَّامِرِيُّ ←	السَّامِرِيّ

নিয়ম ৫. খ: যদি শেষের অক্ষর তাশদীদসহ 'মীম' বা 'নুন' (গুন্নাহর হরফ) হয়, তাহলে গুন্নাহসহ থামুন।

مّ	اَلْغَمِّ	←	اَلْغَمّ
نّ	جَآنٌّ	←	جَآنّ

নিয়ম ০৫ গ. যদি শেষে কলকলা অক্ষরের উপর তাশদীদ থাকে, তাহলে অধিক জোরালো কলকলাসহ থামুন।

	بِالْحَقِّ	←	بِالْحَقّ
ـــّ	فِى الْحَجِّ	←	فِى الْحَجّ
	تَبَّ	←	تَبّ

থামার পর আবার তিলাওয়াত শুরু করার নিয়ম:

১. যদি শব্দটি শুরু হয় (الْ) বা (الَّ) দিয়ে, তাহলে যেখানে আলিফের (ا) উপর কোন হারাকাত নেই, সেক্ষেত্রে ফাতহাহ যুক্ত করে আলিফ (اَ) কে উচ্চারণ করুন, অন্যথায় বামের কলাম দেখুন।

اَلَّذِيْ ← اَلَّذِيْ	اِتَّبَاعَ ← اِتِّبَاعَ
اَلَّذِيْنَ ← اَلَّذِيْنَ	اِتَّبِعُوْا ← اِتَّبِعُوْا
اَلَّتِيْ ← اَلَّتِيْ	اُتُّبِعُوْا ← اُتُّبِعُوْا

২. যদি শব্দটি শুরু 'আলিফ' এবং একটি 'সাকিন অক্ষর' দিয়ে, তাহলে:

* শুরু করুন اِ দিয়ে যদি তৃতীয় অক্ষরে ফাতহাহ (اِذْهَبْ -এ ه -এর উপর ফাতহাহ) থাকে বা কাসরাহ (اِضْرِبْ-এ ر -এর নিচে কাসরাহ) থাকে।
* শুরু করুন اُ দিয়ে যদি তৃতীয় অক্ষরে দম্মাহ (اُشْكُرْ -তে ك -এর উপর দম্মাহ) থাকে।

উপরে বর্ণিত নিয়ম-১-এর বাম কলাম একই নিয়ম অনুসরণ করবে, কারণ তাশদীদযুক্ত অক্ষর এবং সুকুনযুক্ত অক্ষর একই রকম।

قَالَ اذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ -- اِذْهَبْ فَمَنْ تَبِعَكَ مِنْهُمْ	اِ দিয়ে শুরু
فَقُلْنَا اضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ -- اِضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ	اِ দিয়ে শুরু
أَنِ اشْكُرْ لِيْ وَلِوَالِدَيْكَ -- اُشْكُرْ لِيْ وَلِوَالِدَيْكَ	اُ দিয়ে শুরু

বিরতি চিহ্ন

আমরা যে সঠিকভাবে তিলাওয়াত করছি তা নিশ্চিত হওয়া এবং আয়াতের অর্থে ভুল না করার লক্ষ্যে কুরআনে বিরতির চিহ্ন দেয়া হয়েছে। যদি একাধিক চিহ্ন থাকে, তাহলে সবচেয়ে উপরের চিহ্ন বা প্রথম (ডান দিকের) চিহ্ন অগ্রাধিকার পাবে। এর দ্বারা এটাই প্রমাণিত হয় যে, তিলাওয়াতকারী এবং শ্রবণকারী উভয়কেই কুরআন বুঝতে হবে। সবরকম নিয়মের জন্য উদাহরণ হিসাবে একটি করে আয়াত নিচে দেয়া হলো।

চিহ্ন	অর্থ	ব্যাখ্যা
م	وقف لازم আবশ্যকীয় বিরতি	আপনাকে অবশ্যই এখানে থামতে হবে অন্যথায় অর্থ বিভ্রান্তিকর হবে।
لَقَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّذِيْنَ قَالُوْٓا إِنَّ اللّٰهَ فَقِيْرٌ وَّنَحْنُ أَغْنِيَآءُ ۘ سَنَكْتُبُ مَا قَالُوْا		
[৩:১৮১] O	আয়তের শেষে আয়াত নং সহ দেয়া থাকে।	এখানে থামা রাসূল (সা.)-এর সুন্নাহ।
وَإِنَّهُ لَحَقُّ الْيَقِيْنِ O		
سكته / س	বিরতি	নিঃশ্বাস না নিয়ে ২ হরকত পরিমাণ সময় থামুন। তারপর পড়া চালিয়ে যান।
وَقِيْلَ مَنْ ۜ سكتة رَاقٍ ۙ (৭৫:২৭)		
وقفة	বিরতি	এটি লম্বা সাক্তা (سكتة)। দীর্ঘতর সময়ের জন্য থামুন। কিন্তু নিঃশ্বাস নিবেন না, তারপর পড়া চালিয়ে যান।
رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَاعْفُ عَنَّا ۥ وقفة وَاغْفِرْ لَنَا ۥ وقفة وَارْحَمْنَا ۥ وقفة أَنْتَ مَوْلٰنَا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ۧ (২:২৮৬)		
مع مع ∴ ∴	তিন-বিন্দুর জোড়া	যে কোনো একস্থানে থামুন
ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ ۛ ۚ فِيْهِ ۛ هُدًى لِّلْمُتَّقِيْنَ		
ط	বিরতি	এই চিহ্নের স্থানে থামা উত্তম।
يُضِلُّ بِهٖ كَثِيْرًا وَّيَهْدِيْ بِهٖ كَثِيْرًا ؕ وَمَا يُضِلُّ بِهٖٓ إِلَّا الْفٰسِقِيْنَ ۙ (২:২৬)		

চিহ্ন	অর্থ	ব্যাখ্যা
قف	বিরতি	এখানে থামতে হবে।
أُولَٰئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّن رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۖ قف وَأُولَٰئِكَ هُمُ الْمُهْتَدُونَ ﴿٢:١٥٧﴾		
ج، صل	অনুমতিযোগ্য	আপনি থামতে পারেন বা পড়ে যেতে পারেন।
يُخٰدِعُوْنَ اللّٰهَ وَالَّذِيْنَ اٰمَنُوْا ۚ وَمَا يَخْدَعُوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ		
لا O	لَا বৃত্তের উপরে	আপনি থামতে পারেন বা পড়ে যেতে পারেন।
اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١:٢﴾		
ز، ص، ق، صلے		পড়ে যাওয়া উত্তম।
ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿٢:٦١﴾ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا ۠ وَّاِيَّايَ فَاتَّقُوْنِ ﴿٢:٤١﴾ فَأَخْرَجَهُمَا مِمَّا كَانَا فِيْهِ ۖ أُولَٰئِكَ يَدْعُوْنَ إِلَى النَّارِ ۖ وَاللّٰهُ يَدْعُوْٓا إِلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ بِإِذْنِهٖ ۚ		
لا	বিরতি নয়	আপনি যদি এখানে থামেন, অর্থ ভুল হয়ে যেতে পারে। যদি একান্তই থামতে হয়, তাহলে অর্থে সতর্কতার জন্য প্রথম থেকে আয়াতটি পুনরায় পড়ুন বা ২, ৩টি শব্দ পূর্ব থেকে পড়ুন।
الَّذِيْنَ تَتَوَفّٰىهُمُ الْمَلٰٓئِكَةُ طَيِّبِيْنَ ۙ يَقُوْلُوْنَ سَلٰمٌ عَلَيْكُمُ ۙ ادْخُلُوا الْجَنَّةَ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٦:٣٢﴾		

بسم الله الرحمن الرحيم

তাজউইদের ব্যবহারিক অনুশীলন

www.understandquran.com

মা-শা-আল্লাহ! প্রাথমিক তাজউইদসহ কীভাবে কুরআন পড়তে হয় তা আপনারা জেনে গেছেন। চলুন আমরা বাস্তব অনুশীলন হিসাবে নিচের নির্বাচিত অংশ তিলাওয়াত করি। এতে করে আপনার প্রতিদিনের পড়া সূরা ও আয়াতগুলো শুদ্ধভাবে তিলাওয়াত করা হয়ে যাবে।

অনুগ্রহ করে বিষয়গুলি খেয়াল করুন:

- প্রতিটি শব্দের নিচে প্রথম ঘরে ঐ অক্ষরগুলির উল্লেখ করা হয়েছে যেখানে সাধারণত মাখরাজের ভুল হয়।
- প্রতিটি শব্দের নিচে দ্বিতীয় ঘরে ঐ সমস্ত তাজউইদের নিয়ম উল্লেখ করা হয়েছে যেখানে সাধারণত ভুল হওয়ার সম্ভাবনা থাকে।

তাজউইদ-নিয়ম, মাখরাজ এবং সেলের মধ্যে অন্যান্য মন্তব্যের ব্যাপারে নিচের বিষয়গুলো নোট করুন:

- 3SS (Three Stopping Style) অর্থ থামার তিনটি ধরন। অর্থাৎ আপনি ২ হরকত, ৪ হরকত বা ৫/৬ হরকত নিয়মে থামতে পারেন।
- কল: কলকলা।
- সং-মাদ্দ: সংযুক্ত মাদ্দ।
- আল-মাদ্দ: আলাদা মাদ্দ।
- হারাকাতসহ আলিফ উচ্চারণের সময় বিশেষ মনোযোগ দিতে হবে। (اَ، اِ، اُ) বা হামজা ءَ ءِ ءُ ؤُ ئَ
  পড়ার সময় অনেকই ভুল করেন।
- আরবী 'রা' অক্ষর ইংরেজি R-এর মতো পড়বেন না। ইংরেজি R-এর ফ্রিকোয়েন্সি উচ্চ এবং আরবী 'রা' অক্ষরের ফ্রিকোয়েন্সি কম।
- মাদ্দ-এর অক্ষরগুলি মাদ্দসহ উচ্চারণ করতে হবে। 'সেল'-এর মধ্যে মাদ্দ-এর অক্ষরগুলি দ্বিতীয় বা নিচের 'সেল'-এ চিহ্নিত করতে হবে। এগুলি মোটামুটি তিন ধরনের হবে।
    - بَا، تَا، ثَا، جَا، حَا، ...
    - بِيْ، تِيْ، ثِيْ، جِيْ، حِيْ، ...
    - أُوْ، بُوْ، تُوْ، ثُوْ، جُوْ، حُوْ، ...

সূরা আল-ফাতিহা

أَعُوْذُ	بِاللهِ	مِنَ الشَّيْطٰنِ	الرَّجِيْمِ
أ، ع، ذ		شَيْ، ط	ر
عُوْ	ل পাতলা	ط মোটা ; طا	ر মোটা ; 3SS

بِسْمِ	اللهِ	الرَّحْمٰنِ	الرَّحِيْمِ (١)
		ر، ح	ر، ح
	ل পাতলা	ر মোটা	ر মোটা ; حِيْ ; 3SS

اَلْحَمْدُ	لِلّٰهِ	رَبِّ	الْعٰلَمِيْنَ (٢)
اَ، ح		ر	ع
	ل পাতলা	رَ মোটা	عَا ; 3SS

الرَّحْمٰنِ	الرَّحِيْمِ (٣)	مٰلِكِ	يَوْمِ	الدِّيْنِ (٤)
ر، ح	ر، ح			
رَ মোটা	رَ মোটা	مَا	يَوْ নরম	دِيْ 3SS

إِيَّاكَ	نَعْبُدُ	وَإِيَّاكَ	نَسْتَعِيْنُ (٥)
اِ، ي	ع	اِ، ي	ع
يَا	ع পাতলা	يَا	3SS

اِهْدِنَا	الصِّرَاطَ	الْمُسْتَقِيْمَ (٦)
ه	ص، ر، ط	س، ق
	رَا، ; ص ر ط মোটা	ق উচ্চ ; 3SS

صِرَاطَ	الَّذِيْنَ	أَنْعَمْتَ	عَلَيْهِمْ
	ذ	ع ، ن	ع
ص ر ط মোটা	ذِيْ		لَيْ নরম 3SS

غَيْرِ	الْمَغْضُوْبِ	عَلَيْهِمْ	وَلَا الضَّآلِّيْنَ (٧)
غ	غ، ض	ع	ض
غ উচ্চ ; غَيْ নরম		لَيْ নরম	মাদ্দ ; 3SS

সূরা আল-আসর

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

خُسۡرٍ ۙ﴿۲﴾	لَفِيۡ	الۡاِنۡسَانَ	اِنَّ	وَالۡعَصۡرِ ۙ﴿۱﴾
خ		أَ	أَ	ع এবং ص
মোটা ر থামার সময়	فِي	গোপন نْ	نّ : গুন্নাহ	মোটা ر থামার সময়

الصّٰلِحٰتِ	وَعَمِلُوا	اٰمَنُوۡا	الَّذِيۡنَ	اِلَّا
ص، ح	وَ، ع	اٰ	ذ	اِ
صَا، حَا		اٰ، نُو	ذِي	

بِالصَّبۡرِ ﴿۳﴾ ع	وَتَوَاصَوۡا	بِالۡحَقِّ ۙ	وَتَوَاصَوۡا
ر، ص	وَ، ص	ق	وَ، ص
ب কল ,মোটা رْ	صَوْ নরম / وَا		صَوْ নরম / وَا

সূরা আল-হুমাযাহ

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

لُّمَزَةِ ۙ﴿۱﴾	هُمَزَةٍ	لِّكُلِّ	وَيۡلٌ
	ه		و، ي
ةْ সহ থামুন			وَيْ নরম

وَّعَدَّدَهٗ ۙ﴿۲﴾	مَالًا	جَمَعَ	اِلَّذِىۡ
و، ع		ع	ذ
ه সহ থামুন	مَا، গুন্নাহসহ মিলিয়ে		ذِي

اَخۡلَدَهٗ ۚ﴿۳﴾	مَالَهٗۤ	اَنَّ	يَحۡسَبُ
اَ، خ		أَ	ح
ه সহ থামুন	مَا، আল-মাদ্দ	গুন্নাহ	

الۡحُطَمَةِ ۖ﴿۴﴾ زصلے	فِي	لَيُنۡۢبَذَنَّ	كَلَّا
ح، ط		ذ	
ه সহ থামুন		দুইটি গুন্নাহ; م-এর সাথে পরিবর্তন	لَا

الْحُطَمَةُ ﴿٥﴾	مَا	أَدْرٰىكَ			وَمَآ
ح এবং ط		أ ، ر			و
ه সহ থামুন		মোটা ر	ز	কল د	مَآ

الْمُوْقَدَةُ ﴿٦﴾	اللهِ	نَارُ	
ق			
ه সহ থামুন	মোটা ل	মোটা ر	نَا

الْأَفْـِٕدَةِ ﴿٧﴾	عَلَى	تَطَّلِعُ	الَّتِيْ
أ ، ء	ع	ط ، ع	
ه সহ থামুন		মোটা ط	تِيْ

مُّؤْصَدَةٌ ﴿٨﴾	عَلَيْهِمْ	إِنَّهَا
ص এবং ؤ	ع এবং ي	إ
ه সহ থামুন	নরম لَيْ	هَا ،গুন্নাহ

مُّمَدَّدَةٍ ﴿٩﴾	عَمَدٍ	فِيْ
	ع	
ﻫ সহ থামুন	গুন্নাহর সাথে মিলন	فِيْ

সূরা আল-ফীল

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

فَعَلَ	كَيْفَ	تَرَ	أَلَمْ
ع			أَ
	নরম كَيْ	মোটা ر	

الْفِيْلِ ﴿١﴾		بِأَصْحٰبِ	رَبُّكَ
		أَ، ص، ح	ر
3SS	فِي	حٰا	মোটা ر

فِيْ تَضْلِيْلٍ ﴿٢﴾			كَيْدَهُمْ	أَلَمْ يَجْعَلْ
মোটা ض				أ ، ع
3SS	لِي	فِي	নরম كَيْ	কল

وَّأَرْسَلَ	عَلَيْهِمْ	طَيْرًا		أَبَابِيلَ (٣) لا		
أَ	ع	ط		أَ		
মোটা ر	নরম لَيْ	নরম طَيْ	মোটা ر	بَا	بِيْ	3SS

تَرْمِيْهِمْ			بِحِجَارَةٍ		مِّنْ		سِجِّيْلٍ (٤) لا
ر			ح এবং ر				
মোটা رَ	مِيْ	গোপন مْ	جَا	মোটা ر	مّ	গুন্নাহ نْ	3SS

فَجَعَلَهُمْ	كَعَصْفٍ		مَّأْكُوْلٍ (٥) ع
ع	ع، ص		أْ
	মোটা ص	গুন্নাহর সাথে মিলন	3SS

সূরা আল-কুরাইশ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

لِإِيْلٰفِ	قُرَيْشٍ (١) لا	
اِ	ق উচ্চ	
اِيْ ، لٰ	নরম رَيْ	3SS

اٖلٰفِهِمْ	رِحْلَةَ	الشِّتَآءِ	وَالصَّيْفِ (٢) ج	
الٰ	ح	ءِ	ص	
اِيْ، لَا	পাতলা رِ	সং-মাদ্দ	নরম صَيْ	3SS

فَلْيَعْبُدُوْا	رَبَّ	هٰذَا	الْبَيْتِ (٣) لا	
ع	ر	ذ		
دُوْ	মোটা ر	هَا	নরম بَيْ	3SS

الَّذِيْٓ	أَطْعَمَهُمْ	مِّنْ		جُوْعٍ لا ۵
اَ، ذ	اَ، ط، ع			ع
ذِيْ	ط কল	مّ	গুন্নাহ نْ	جُوْ

وَّاٰمَنَهُمْ	مِّنْ	خَوْفٍ (٤) ع	
ا		خ	
ا، গুন্নাহসহ মিলন	স্পষ্ট نْ	নরম خَوْ	3SS

সূরা আল-মাউন

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

أَرَءَيۡتَ		الَّذِيۡ	يُكَذِّبُ	بِالدِّيۡنِ ۝١ ط
اَ، ر، ءَ		ذ	ذ	
رَ মোটা	ءَيۡ নরম	ذِيۡ		3SS

فَذٰلِكَ	الَّذِيۡ	يَدُعُّ	الۡيَتِيۡمَ ۝٢ لا	
ذ	ذ	ع	ي	
ذا	ذِيۡ		تَىۡ	3SS

وَلَا	يَحُضُّ	عَلٰى	طَعَامِ	الۡمِسۡكِيۡنِ ۝٣ ط
و	ح، ض	ع	ط، ع	
لَا	ضّ মোটা	لٰ	عَا	3SS

فَوَيۡلٌ	لِّلۡمُصَلِّيۡنَ ۝٤ لا
و	ص
وَيۡ নরম	

الَّذِيۡنَ	هُمۡ	عَنۡ	صَلَاتِهِمۡ	سَاهُوۡنَ ۝٥ لا	
ذ	ه	ع	ص		
ذِيۡ		نۡ ইখফা	لَا	سَا	3SS

الَّذِيۡنَ	هُمۡ	يُرَآءُوۡنَ ۝٦ لا
ذ	ه	ءُ
ذِ		সং-মাদ্দ

وَيَمۡنَعُوۡنَ		الۡمَاعُوۡنَ ۝٧ ع	
وَ، يَ، ع		ع	
عُوۡ	مَا	عُو	3SS

সূরা আল-কাউসার

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

إِنَّآ	أَعۡطَيۡنٰكَ	الۡكَوۡثَرَ ١ ط
اِ	اَ، ع، ط	ث، ر
نّ গুন্নাহ	نَا আল-মাদ্দ	طِيْ নরম	نَا	كَوْ নরম	رْ মোটা

فَصَلِّ	لِرَبِّكَ	وَانۡحَرۡ ٢ ط
ص	ر	ح، ر
ص মোটা	رَ মোটা	رْ মোটা

إِنَّ	شَانِئَكَ	هُوَ الۡأَبۡتَرُ ٣ ع
اِ	ءَ	وَ، اَ
نّ গুন্নাহ	شَا	ب কল	رْ মোটা

সূরা আল-কাফিরুন

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

قُلۡ	يٰٓأَيُّهَا	الۡكٰفِرُوۡنَ ١ لا
ق	يَآ	
ق উচ্চ	يَا، اَ	كَا	رُو	3SS

لَآ	أَعۡبُدُ	مَا	تَعۡبُدُوۡنَ ٢ لا
	اَ، ع		ع
لَا			دُوْ	3SS

وَلَآ أَنۡتُمۡ	عٰبِدُوۡنَ	مَآ أَعۡبُدُ ٣ ج
وَ، اَ	ع	اَ، ع
نْ ইখফা	غْ	دُوْ	مَا সং-মাদ্দ	د থামার সময় কল

وَلَآ أَنَا	عَابِدٌ مَّا	عَبَدۡتُّمۡ ٤ لا
و، أ	ع	ع
لا আল-মাদ্দ	أَنَ	مّ গুন্নাহ	عَبَتُّم ইদগাম

أَعْبُدُ ﴿٥﴾	مَآ	عٰبِدُوْنَ	وَلَآ أَنْتُمْ
ع، أ		ع	و، أ
د থামার সময় কল	আল-মাদ্দ	عَا	ইখফা نْ

دِيْنِ ﴿٦﴾		وَلِيَ	دِيْنُكُمْ	لَكُمْ
		وَ	مُ	
3SS	دِيْ		دِيْ	

সূরা আন-নাসর

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَالْفَتْحُ ﴿١﴾	اللهِ	نَصْرُ	جَآءَ	إِذَا
হামস ثْ		ص، ر	ء	إ، ذ
	মোটা لْ	মোটা رُ	جَآءَ	ذَا

يَدْخُلُوْنَ		النَّاسَ	وَرَأَيْتَ	
خ			و، أ	
لُو	কল د	গুন্নাহ نّ	নরম اَيْ	মোটা رَ

أَفْوَاجًا ﴿٢﴾		دِيْنِ اللهِ		فِيْ
أ، ف				
جًا	وَا	পাতলা لْ	دِيْ	فِيْ

وَاسْتَغْفِرْهُ	رَبِّكَ	بِحَمْدِ	فَسَبِّحْ
وَ	ر	ح	ح
পাতলা رْ	মোটা رَ		

تَوَّابًا ﴿٣﴾		كَانَ	إِنَّهُ	
			إ	
بًا	وَا	كَا	هُ	গুন্নাহ نّ

সূরা আল-লাহাব

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

وَّتَبَّ ۝١ ط	أَبِيْ لَهَبٍ	يَدَآ	تَبَّتْ
وَ	اَ	ي	ب
ب থামার সময় কল	بِيْ	আল-মাদ্দ	হামস تْ

كَسَبَ ۝٢ ط	وَمَا	مَالُهٗ		عَنْهُ	أَغْنٰى	مَآ
	وَ			ع	اَ، غ	
ب থামার সময় কল	مَا	هُ	مَا		نَا	মাদ্দ

لَهَبٍ ۝٣ لا	ذَاتَ	نَارًا	سَيَصْلٰى
	ذ		মোটা ص
ب থামার সময় কল	ذَا	نَا	لٰ

الْحَطَبِ ۝٤ ج	حَمَّالَةَ		وَّامْرَأَتُهٗ ط
ح، ط	ح		
ب থামার সময় কল	গুন্নাহ مّ	هُ	মোটা رَ

مِّنْ مَّسَدٍ ۝٥ ع			حَبْلٌ	جِيْدِهَا		فِيْ
			ح	د		
د থামার সময় কল	مّ	مّ	কল ب	هَا	جِيْ	فِيْ

সূরা আল-ইখলাস

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

أَحَدٌ ۝١ ج	اللّٰهُ	هُوَ	قُلْ
اَ، ح		هُ، و	ق
د থামার সময় কল	মোটা ل		উচ্চ ق

يُوْلَدْ ۝٣ لا	وَلَمْ	يَلِدْ لا	لَمْ	الصَّمَدُ ۝٢ ج		اَللّٰهُ
	وَ، مْ		م	ص		ل
د থামার সময় কল		دْ		د থামার সময় কল	মোটা ص	মোটা

أَحَدٌ ۝٤ ع	كُفُوًا	لَّهٗ	يَكُنْ	وَلَمْ
اَ، ح	وًّ			و، مْ
د থামার সময় কল		هُ		

সূরা আল-ফালাক

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ		أَعُوْذُ	بِرَبِّ	الْفَلَقِ ۙ ١
ق		ا، ع، ذ	ر	ق
উচ্চ ق		عُوْ	মোটা ر	ق থামার সময় কল

مِنْ شَرِّ		مَا	خَلَقَ ۙ ٢
ر			خ، ق
ইখফা نْ	পাতলা رِ	مَا	ق থামার সময় কল

وَمِنْ شَرِّ		غَاسِقٍ	إِذَا وَقَبَ ۙ ٣
ر		غ، ق	إ، ذ، ق
ইখফা نْ	পাতলা رِ	ق، غ উচ্চ	ب থামার সময় কল

وَمِنْ شَرِّ		النَّفّٰثٰتِ			فِي الْعُقَدِ ۙ ٤
ر		ث			ع، ق
ইখফা نْ	পাতলা رِ	فَا	ثا	نّ গুন্নাহ	د থামার সময় কল

وَمِنْ شَرِّ		حَاسِدٍ	إِذَا	حَسَدَ ع ٥
ر		ح	إ، ذ	ح
ইখফা نْ	পাতলা رِ	حَا	ذَا	د থামার সময় কল

সূরা আন-নাস

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ	أَعُوْذُ	بِرَبِّ	النَّاسِ ۙ ١
ق	أ، ع، ذ	ر	
উচ্চ ق	عُو	পাতলা ر	نّ গুন্নাহ

مَلِكِ	النَّاسِ ۙ ٢	اِلٰهِ النَّاسِ ۙ ٣
		اِ
	نّ গুন্নাহ	نّ গুন্নাহ

مِنْ شَرِّ		الْوَسْوَاسِ ۙ ۵	الْخَنَّاسِ ۙ ٤
ر			خ
ইখফা نْ	পাতলা رِ	وَا	نّ গুন্নাহ

النَّاسِ ﴿٥﴾ لا	فِىْ صُدُوْرِ	يُوَسْوِسُ	الَّذِيْ
	ص		ذ
গুন্নাহ نّ	فِيْ، دُوْ		

وَالنَّاسِ ﴿٦﴾ ع		مِنَ الْجِنَّةِ
3SS	গুন্নাহ نّ	গুন্নাহ نّ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

حَسَنَةً	فِيْ الدُّنْيَا	اٰتِنَا	رَبَّنَا
ح		اَ	ر
গুন্নাহ ةً + وَ	(ইযহার) ن	اٰ، نَا	মোটা ر

النَّارِ		عَذَابَ	وَّقِنَا	حَسَنَةً	وَّفِيْ الْاٰخِرَةِ
মোটা ر থামা হলে		ع، ذ	ق	ح	اَ، خ
3SS	نَّ، نَا	ذَا	نَا		

আয়াতুল কুরসী

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِلَّا هُوَ ج	لَآ اِلٰهَ	اَللّٰهُ
اِ	اِ	اَ
لَا	আল-মাদ্দ لَآ	মোটা ل

اَلْقَيُّوْمُ ج	اَلْحَيُّ
উচ্চ ق	ح، ي
يُّو	

وَّلَا نَوْمٌ ط		سِنَةٌ	لَا تَأْخُذُهٗ
وَ			خ ,تَأْ
নরম نَوْ	لَا	গুন্নাহসহ ة + و	لَا

لَهٗ	مَا	فِيْ	السَّمٰوٰتِ		وَمَا	فِيْ	الْاَرْضِ ۗ
			وَ		وَ		ض
ةٗ	مَا		مَا	وَا	مَا		মোটা رْ

مَنْ	ذَا الَّذِيْ	يَشْفَعُ	عِنْدَهٗٓ
م	ذ	يْ، ع	ع
ইখফা نْ	ذِيْ		ইখফা, আল-মাদ্দ نْ

اِلَّا	بِاِذْنِهٖ ؕ	يَعْلَمُ	مَا بَيْنَ
اِ	اِ، ذ	ي، ع	
لَا	থামা হলে ةْ		নরম بَيْ

اَيْدِيْهِمْ		وَمَا	خَلْفَهُمْ ۚ
اَ		وَ	خ
أَيْ	নরম دِيْ	مَا	

وَلَا	يُحِيْطُوْنَ		بِشَيْءٍ	مِّنْ	عِلْمِهٖٓ
وَ	ح، ط		ءٍ		ع
لَا	حِيْ	طُوْ	নরম شَيْ	গুন্নাহ مِّ	আল-মাদ্দ ه

اِلَّا	بِمَا	شَآءَ ۚ	وَسِعَ
اِ	ب	ءَ	وْ، ع
لَا	مَا	সং-মাদ্দ شَآءَ	

كُرْسِيُّهُ	السَّمٰوٰتِ		وَالْاَرْضَ ۚ
يُّ	و		و، اَ، ر، ض
মোটা رْ	مَا	وَا	মোটা ر

وَلَا	يَئُوْدُهٗ		حِفْظُهُمَا ۚ
وَ	ؤُ		ح، ظ
لَا	ئُو	ةٗ	مَا

وَهُوَ	الْعَلِيُّ	الْعَظِيْمُ ﴿٢٥٥﴾	
و، ه	ع، ي	ع، ظ	
		ظِيْ	3SS

সূরা আল বাকারাহ (আয়াত: ২৮৪-২৮৬)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

فِي الْاَرْضِ ۚ	وَمَا	السَّمٰوٰتِ		فِيْ	مَا	لِلّٰهِ
اَ، ر، ض	وَ	و				পাতলা ل
মোটা ر	مَا	وَا	مَا		مَا	

تُخْفُوْهُ	أَوْ	أَنْفُسِكُمْ	فِيْٓ	مَا	تُبْدُوْا		وَإِنْ
خ	اَ	اَ					اِ
فُو	নরম اَوْ	ইখফা نْ	فِيْ	مَا	دُو	কলব ب	ইখফা نْ

اللّٰهُ ۚ	بِهِ	يُحَاسِبْكُمْ	
	هِ	يُ، ح	
পাতলা ل		কলب	حَا

مَنْ يَّشَآءُ ۚ		وَيُعَذِّبُ	لِمَنْ يَّشَآءُ	فَيَغْفِرُ
ءُ		و، ي، ع، ذ	ءُ	ي، غ، ف، ر
আল-মাদ্দ	গুন্নাহ		গুন্নাহসহ نْ + يّ	উচ্চ غ

قَدِيْرٌ ٢٨٤		كُلِّ شَيْءٍ		عَلٰى	وَاللّٰهُ
ق		ءٍ		ع	وَ
دِي	উচ্চ ق	ইখফা ءٍ	নরম شَي	ل	মোটা ل

بِمَآ أُنْزِلَ		الرَّسُوْلُ		اٰمَنَ
اُ		ر		ٰا
ইখফা نْ	مَآ	سُوْ	মোটা رَ	মাদ্দ

وَالْمُؤْمِنُوْنَ ۚ	مِنْ رَّبِّهٖ		اِلَيْهِ
ؤُ	ر		اِ
نُوْ	هٖ	মোটা ر	নরম لَيْ

وَمَلٰٓئِكَتِهٖ		بِاللّٰهِ	اٰمَنَ	كُلٌّ
ءِ			ٰا	
هٖ	সং-মাদ্দل	পাতলা ل	মাদ্দ	

وَكُتُبِهٖ	وَرُسُلِهٖ ۚ قف	
	ر، ه	
هٖ	رُ মোটা	هٖ

لَا	نُفَرِّقُ	بَيْنَ	أَحَدٍ	مِّنْ	رُّسُلِهٖ ۚ قف	
	ق		اَ، ح			
لَا	ر পাতলা	بَيْ নরম		مّ গুন্নাহ	ر মোটা	ۃ থামলে

وَقَالُوْا	سَمِعْنَا	وَأَطَعْنَا	
و، ق	ع	اَ، ط، ع	
لُو এবং قَا	نَا	ط মোটা	نَا

غُفْرَانَكَ	رَبَّنَا	وَإِلَيْكَ	الْمَصِيْرُ ٢٨٥	
غ		وَ، اِ	ص	
ر মোটা	نَا	لَيْ নরম	صي	3SS

لَا يُكَلِّفُ	اللّٰهُ	نَفْسًا	إِلَّا وُسْعَهَا ط
يُ			اِ، و، ع
لَا	ل মোটা		لَا، هَا

لَهَا	مَا كَسَبَتْ	وَعَلَيْهَا	مَا اكْتَسَبَتْ ط
		وَ، ع	
هَا	مَا , تْ হামস	لَيْ নরম	تْ হামস এবং كْ

رَبَّنَا	لَا تُؤَاخِذْنَآ	إِنْ نَّسِيْنَآ		أَوْ أَخْطَأْنَا ج	
رَ মোটা	ؤ، خ، ذ	اِ		اَ، اَ، اْ	
نَا	نَا আল-মাদ্দ	نّ গুন্নাহ	نَآ আল-মাদ্দ	اَوْ নরম	طَأْ

رَبَّنَا	وَلَا تَحْمِلْ	عَلَيْنَآ		إِصْرًا
رَ মোটা	ح	ع		ص
نَا	لَا	لَيْ নরম	نَآ আল-মাদ্দ	ر মোটা

كَمَا	حَمَلْتَهٗ	عَلَى الَّذِيْنَ	مِنْ قَبْلِنَا ج	
	ح	ع، ذ	ق	
مَا	ۃ	ذِي	نْ ইখফা	ب কল

لَنَا بِهٖ ج		مَا لَا طَاقَةَ		وَلَا تُحَمِّلْنَا	رَبَّنَا
		উচ্চ ق	মোটা ط	ت، ح	
থামলে ة পড়ুন	نَا	لَا	مَا	গুন্নাহ مّ	ر মোটা, نَا

وَارْحَمْنَا وقفة			وَاغْفِرْ لَنَا وقفة		وَاعْفُ عَنَّا وقفة	
ر، ح		غ			ع	
نَا	ر মোটা	ر পাতলা	نَا	غ উচ্চ	نَا	نّ গুন্নাহ

الْكٰفِرِيْنَ ع ٢٨٦		الْقَوْمِ	عَلَى	فَانْصُرْنَا		مَوْلٰىنَا	أَنْتَ
ر পাতলা		ع، ق، ر	ص، ر				
3SS	كَا، رِي	قَوْ নরম	نَا	زْ মোটা	نْ ইখফা	ل، نَا	نْ ইখফা، مَوْ নরম

সূরা আল-হাশর (আয়াত: ২২-২৩)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

إِلَّا هُوَ ج		لَآ اِلٰهَ	الَّذِيْ	هُوَ اللّٰهُ
ه		اِ	ذ	ه، و
هُوَ থামলে	لَا	لَآ	ذِيْ	ل মোটা

وَالشَّهَادَةِ ج	الْغَيْبِ		عٰلِمُ
وَ	غ		ع
هَا	غَيْ নরম	غ উচ্চ	عٰ

الرَّحِيْمُ ٢٢			الرَّحْمٰنُ		هُوَ
ح			ح		ه، و
3SS	حِي	رَ মোটা	مَا	ر মোটা	

إِلَّا هُوَ ج		لَآ اِلٰهَ	الَّذِيْ	هُوَ اللّٰهُ
ه، و		اِ	ذ	ه، و
هُوَ থামলে	لَا	لَآ আল-মাদ্দ	ذِي	ل মোটা

الْمُؤْمِنُ	السَّلٰمُ	الْقُدُّوْسُ		اَلْمَلِكُ
ؤْ		قُ		اَ
	لٰ	دُو	ق উচ্চ	

الْمُهَيْمِنُ	الْعَزِيْزُ	الْجَبَّارُ	الْمُتَكَبِّرُ
	ع		
هَيْ নরম	زِي	ر মোটা	ر : থামলে পাতলা

سُبْحٰنَ	اللّٰهِ	عَمَّا	يُشْرِكُوْنَ (٢٣)
ح		ع	يْ
	ل মোটা	مّ	مَا গুন্নাহ	كُوْ	3SS

هُوَ اللّٰهُ	الْخَالِقُ	الْبَارِئُ	الْمُصَوِّرُ
ه، و	خ	ء	ص، و
ل মোটা	خ، ق উচ্চ	بَا , ر পাতলা	ص، ر মোটা

لَهُ	الْاَسْمَآءُ	الْحُسْنٰى ط
ه	اَ، ءُ	ح
	مَا সং-মাদ্দ	نَا

يُسَبِّحُ لَهٗ	مَا فِيْ	السَّمٰوٰتِ	وَالْاَرْضِ ج
ح، ه		و	وَ، اَ
هٗ	مَا	مُ، وُ	ض	رَ মোটা

وَهُوَ	الْعَزِيْزُ	الْحَكِيْمُ ع (٢٤)
و، ه	ع، ز	ح
	زِيْ	كِي	3SS

সূরা আলে ইমরান (আয়াত: ১০২)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

يٰٓاَيُّهَا	الَّذِيْنَ	اٰمَنُوا	اتَّقُوا اللّٰهَ
اَ، ه	ذ	ا মাদ্দ	ق
يٰٓ	ذِي	ا، نُو	ق উচ্চ	ل মোটা

حَقَّ	تُقٰتِهٖ	وَلَا تَمُوْتُنَّ	اِلَّا
ح، ق	ق	و	اِ
ق উচ্চ	ق উচ্চ	قٰ، ه	لاَ	مُو	نّ গুন্নাহ	لَا

مُّسْلِمُوْنَ ﴿١٠٢﴾			وَأَنْتُمْ
			وَ، اَ
3SS	গুন্নাহ مُّ	مُّ	ইখফা نْ

সূরা আন-নিসা (১)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

رَبَّكُمُ	اتَّقُوْا	النَّاسُ	يَٰٓأَيُّهَا
ر	ق		يَ
মোটা ر	قُو	গুন্নাহ نَا نّ	আল-মাদ্দ يَآ

وَّاحِدَةٍ	مِّنْ نَّفْسٍ		خَلَقَكُمْ		الَّذِيْ
ح	ف		خ، ق		ذ
গুন্নাহসহ و+س	গুন্নাহ نّ	গুন্নাহ مِّ	উচ্চ خ	ق	ذِي

زَوْجَهَا		مِنْهَا	وَّخَلَقَ	
			خ، ق	
هَا	নরম زَو	هَا	উচ্চ ق	উচ্চ خ

وَّنِسَآءً ج	كَثِيْرًا		رِجَالًا		وَبَثَّ مِنْهُمَا
ء	ث				ث
গুন্নাহ ; সং-মাদ্দ وَّ+رَّ	মোটা ر	ثِي	ইখফা, جَا, لًا	ر পাতলা	مَا

وَالْأَرْحَامَ ط		تَسَآءَلُوْنَ بِهٖ		الَّذِىْ	وَاتَّقُوا اللّٰهَ
ر، ح		ء		ذ	و، ق
حَا	মোটা رْ	সং-মাদ্দ ه এবং لُو	سَآء	ذِي	মোটা ل

رَقِيْبًا ﴿١﴾			كَانَ عَلَيْكُمْ	إِنَّ اللّٰهَ	
ر، ق			ع		
بًا	قِي	মোটা ر	كَا	মোটা ل	গুন্নাহ نّ

সূরা আল-আহযাব (আয়াত: ৭০-৭১)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اتَّقُوا اللّٰهَ	اٰمَنُوْا		الَّذِيْنَ	يَآأَيُّهَا
ق	ا		ذ	يَ، اَ
মোটা ل	মাদ্দ نُو	ا	ذِي	يٓا আল-মাদ্দ

سَدِيْدًا ۷۰	قَوْلًا		وَقُوْلُوْا
	ق		وَ، قُ
دِي	قَوْ নরম	উচ্চ ق	لُو এবং قُو

أَعْمَالَكُمْ	لَكُمْ	يُّصْلِحْ
اَ، ع		ص، ح
مَا		মোটা ص

ذُنُوْبَكُمْ ط	لَكُمْ	وَيَغْفِرْ
ذ		غ
نُوْ		পাতলা ر , উচ্চ غ

وَرَسُوْلَهٗ		يُّطِعِ اللّٰهَ			وَمَنْ
وَ، رَ		ط، ع			وَ
سُو ، هٗ	মোটা رَ	পাতলা ل	মোটা ط	গুন্নাহসহ نْ+يُّ	

عَظِيْمًا ۷۱	فَازَ فَوْزًا		فَقَدْ	
ع، ظ	ز		ق	
مَا এবং ظِيْ	فَوْ নরম	فَا	কল دْ	উচ্চ ق

নিচের ছকের এই ১২৮ টি শব্দ কুরআনে এসেছে প্রায় ৩১০০০ বার (৪০%)। এর অর্থ, গড়ে ১০ টির মধ্যে ৪ টি এই ছকের মধ্যে আছে।

এই শব্দগুলির কোনোটিতে শেষের হারাকাত (ফাতহাহ, কাসরাহ বা দম্মাহ) বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম হতে পারে। কিছু সংখ্যক শব্দ পূর্বের শব্দের সাথে তাশদীদের মাধ্যমে যুক্ত হতে পারে।

যেমন: وَّلَا -তে, ইত্যাদি।

مِنْ	اَللّٰهُ	فِيْ	مَا	لَا	اَلَّذِيْنَ	عَلٰى	اِلَّا
وَلَا	وَمَا	اِنَّ	اَنْ	قَالَ	اِلٰى	مَنْ	لَهُمْ
اِنْ	لَكُمْ	ثُمَّ	بِهٖ	كَانَ	بِمَا	قُلْ	اَلْاَرْضَ
ذٰلِكَ	اَوْ	لَهٗ	اَلَّذِيْ	هُوَ	هُمْ	اٰمَنُوا	قَالُوْا
كُلِّ	فِيْهَا	وَمَنْ	وَاللّٰهُ	يَوْمَ	كَانُوْا	عَنْ	عَلَيْهِمْ
اِذَا	اِذْ	هٰذَا	شَيْءٍ	كَفَرُوْا	عَذَابٌ	كُنْتُمْ	اَلنَّاسَ
اَلسَّمٰوٰتِ	وَاِنْ	وَهُوَ	عَلَيْكُمْ	قَوْمٌ	وَالَّذِيْنَ	لَمْ	اَلْكِتَابُ
وَالْاَرْضَ	اِنَّا	فَلَا	مِنْهُمْ	خَيْرًا	يٰـاَيُّهَا	اِنَّهٗ	عَلَيْهِ
بَعْدِ	حَتّٰى	بِاللّٰهِ	وَهُمْ	اُولٰٓئِكَ	اِنِّيْ	رَبُّ	وَاِذَا
مُوْسٰى	وَلَقَدْ	عَلِيْمٌ	فِيْهِ	بَلْ	قَدْ	اَمْ	عِنْدِ
رَبِّكَ	يَشَآءُ	لِلّٰهِ	قَبْلُ	اَلدُّنْيَا	اِنَّمَا	وَلَوْ	مِمَّا
اَلْحَقُّ	اَلسَّمَاءَ	مِنْكُمْ	اَلنَّارُ	وَمِنَ	فَلَمَّا	اَلَا	اَنَّ
مُبِيْنٌ	فَاِنْ	رَبِّيْ	دُوْنِ	اِلٰهٌ	مِنْهُ	سَبِيْلِ	فَمَا
فَاِذَا	كَذٰلِكَ	مِنْهَا	يُؤْمِنُونَ	وَقَالَ	اَلْعَذَابُ	وَكَانَ	لَنَا
تَعْمَلُونَ	فَمَنْ	رَبِّهِمْ	رَحِيْمٌ	وَاِنَّ	يَعْلَمُوْنَ	لَوْ	اَنْتُمْ
بِهَا	بَيْنَ	لِلَّذِيْنَ	اَلَمْ	اَلْمُؤْمِنِيْنَ	اِلَيْكَ	شَيْئًا	عَنْهُمْ

তাজউইদের নিয়মানুযায়ী আরবী বর্ণমালার উচ্চারণ

م، ب، و، ف : 'م' উচ্চারিত হয় ঠোঁটের বর্হিভাগ যুক্ত করার মাধ্যমে। 'ب' অক্ষর উচ্চারিত হয় ঠোঁটের ভিতরের অংশ যুক্ত করার মাধ্যমে। 'و' অক্ষর উচ্চারিত হয় দুই ঠোঁট গোল করার পর পুনরায় ঠোঁট খোলার সময় যে ধ্বনি বের হয় তার মাধ্যমে। 'ف' অক্ষরের ধ্বনি উচ্চারিত হয় নিচের ঠোঁট উপরের দাঁতের সাথে স্পর্শ করে। অক্ষরগুলোর নিচের চিত্র যথাযথ স্থান দেখাচ্ছে মুখের যেখান হতে ধ্বনি তৈরি হয়।







ث، ذ، ظ : এই তিনটি অক্ষর একই মাখরাজ হতে বেরিয়ে আসে, তবে অতি সামান্য ভিন্নতা আছে। এতেই ধ্বনিতে ভিন্নতা আনে। ধ্বনি তৈরির জন্য জিহ্বার প্রান্ত উপরের দাঁতের আগাতে এমনভাবে স্পর্শ করে যাতে সামনে বসে থাকা একজন মানুষ তা দেখতে পায়। পার্থক্য হচ্ছে প্রথম দুটির ধ্বনি সূক্ষ্ম ও নরম এবং শেষেরটি কিছুটা উচ্চ এবং ভারি।







ت، د، ط : এই তিনটি অক্ষরের জন্য জিহ্বার সঠিক স্থান হচ্ছে: জিহ্বার প্রান্তভাগ উপরের দাঁতের গোড়া স্পর্শ করবে। 'ت'-এর ধ্বনি হবে নরম এবং সূক্ষ্ম; দ্বিতীয় ধ্বনিটি কিছুটা মোটা এবং উচ্চ। তৃতীয় ধ্বনি হবে মধ্যম। এই সমস্ত ধ্বনি সামান্য পার্থক্য ছাড়া একই রকম।



ز، س، ص : এই তিনটি অক্ষরের উচ্চারণের জন্য জিহ্বা নিচের দাঁতের কিনারা স্পর্শ করবে। 'س' অপেক্ষাকৃত নরম, 'ص' গাঢ় এবং 'ز' মধ্যম। তিনটি ধ্বনিই শিস ধ্বনির মতো যখন।







ر، ن، ل: 'লাম'-এর ধ্বনি তৈরির জন্য জিহ্বার প্রান্ত উপরের দাঁতের গোড়ার মাড়ি অবশ্যই স্পর্শ করবে। যদি জিহ্বার প্রান্ত কিছুটা উপরে স্পর্শ করে তাহলে 'নুন'-এর ধ্বনি তৈরি হবে। যদি আরো কিছুটা উপরে স্পর্শ করে তাহলে 'রা'-এর ধ্বনি তৈরি হবে।



ي، ش، ج: এই সমস্ত ধ্বনির মাখরাজ প্রায় একই। **জিম/ শিন/ ইয়া** -এর ধ্বনি তৈরি হয়, যখন জিহ্বার মধ্যভাগ তালু বা মুখের উপরিভাগে স্পর্শ করে।



ق، ك، ض : **'দোয়াদ'** তৈরি হয়, যখন জিহ্বার পার্শ্ব (ডান বা বাম) মাড়ির দাঁতের গোড়া স্পর্শ করে, ডান মাড়ি বা বাম মাড়ি। ধ্বনিটি অনেক সময় ভুল উচ্চারিত হয়। তাই কিছুটা বেশি অনুশীলন প্রয়োজন। **কাফ/ ক্বাফ**-উভয় ধ্বনি তৈরি হয় জিহ্বার গোড়া (জিহ্বার দূরতম অংশ) যখন মুখের উপরের তালুর ঠিক পিছনে, আলজিভ এর কাছাকাছি স্পর্শ করে। একমাত্র পার্থক্য হচ্ছে **কাফ** তৈরি হয় কিছুটা সামনে থেকে এবং **ক্বাফ** হয় আরো পিছন থেকে অর্থাৎ গলা/ কণ্ঠ-এর প্রায় নিকটে।



خ، غ، ح، ع، ه، ء: **হামযা/ হা** তৈরি হয় গলা/ কণ্ঠ-এর নিচের অংশ থেকে, হৃৎপিন্ড-এর কাছাকাছি; **আইন/ হা** হচ্ছে গলা/ কণ্ঠ-এর মধ্যভাগ থেকে, **গইন/ খা** উচ্চারিত হয় গলা/ কণ্ঠ-এর উপরের অংশ থেকে। উপরমুখি তীর চিহ্ন এটিই নির্দেশ করে। এটা আপনাদের বলছে যে এই অক্ষরগুলিকে কণ্ঠনিঃসৃত ধ্বনিসহ স্পষ্টভাবে উচ্চারণ করতে হবে।



নোট